Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 32 ■ Issue No. 41 ■ 19th October 2019 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়

- কোল ফিল্ডে ৭৫ জুনিয়র ওভারম্যান
- মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান কোর্স ও চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি
- জেনারেল স্টাডিজ ও সাম্প্রতিক ঘটনাবলী

পশ্চিমবঙ্গ ও অসমের ছেলেমেয়েদের জন্য রেলে কাজের বিশাল সুযোগ

## উত্তর-পূর্ব সীমান্ত রেলের ৬ ডিভিশনে ২,৫৯০ অ্যাপ্রেন্টিস

**মাধ্যমিক ও আই.টি.আই. পাশদের জন্য**

উত্তর-পূর্ব সীমান্ত রেলের বিভিন্ন ডিভিশনে 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ২,৫৯০ জন লোক নেওয়া হচ্ছে।

কোনো স্বীকৃত পর্যদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ১৮-৯-২০১৯'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। শূন্যপদ : আলিপুরদুয়ার ডিভিশনে — ৪৩৭টি। এর মধ্যে (i) ওয়েল্ডার : 14 (UR : 13, ST : 01),

এরপর ৯ পাতায়

## দিল্লি পুলিশে ৫৫৪ হেড কনস্টেবল

**উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

দিল্লি পুলিশ 'হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল)' পদে ৫৫৪ জন ছেলেমেয়ে নিচ্ছে। পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের প্রার্থীরা আবেদন করতে পারবেন। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০১৯'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, খেলোয়াড় ও বিধবা-বিবাহ বিচ্ছিন্না মহিলারা আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ (তপশিলী উপজাতি ও পার্বত্য এলাকার বাসিন্দাদের বেলায় ১৬০) সেমি, বুকের ছাতি হতে

এরপর ৭ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ৩২৭ সায়েন্টিস্ট

কেন্দ্রীয় সরকারের মহাকাশ দফতরের অধীন ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন 'সায়েন্টিস্ট /ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স / মেকানিক্যাল /

এরপর ১৬ পাতায়

## কোস্ট গার্ডে নাবিক

ভারতীয় উপকূল রক্ষীবাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড) 'নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) (কুক ও স্টুয়ার্ড)' পদে কয়েকশো লোক নিচ্ছে।

মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৪-২০২০'এর হিসাবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১-৪-১৯৯৮ থেকে ৩১-৩-২০০২'এর মধ্যে। সব পদের বেলায় ও.বি.সি. সম্প্রদায়ের

এরপর ২ পাতায়

## স্বাস্থ্য দফতরে ৭০ ফার্মাসিস্ট

পশ্চিমবঙ্গ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ ফার্মাসিস্ট গ্রেড-III ও ল্যাব অ্যাসিস্ট্যান্ট পদে ৭০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ফার্মাসিস্ট গ্রেড-III** : ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বা, অঙ্ক নিয়ে

এরপর ৭ পাতায়

কেন্দ্রীয় সংস্থা বর্ডার রোডস অর্গানাইজেশনে

## ৫৪০ মাল্টি স্কিল্ড ওয়ার্কার

কেন্দ্রীয় সরকারের সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রকের অধীন বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্স মাল্টি স্কিল্ড ওয়ার্কার (ড্রাইভার ইঞ্জিন স্ট্যাটিক) ট্রেডে ৫৪০ জন ছেলে নিচ্ছে।

মাধ্যমিক পাশ ছেলেরা আই.টি.আই., আই.টি.সি. বা, এন.সি.টি.ভি.টি. থেকে মেকানিক মোটর /ভেহিক্যাল / ট্রাক্টর ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫

এরপর ১৬ পাতায়

" কারিগরী শিক্ষাই একমাত্র দিতে পারে স্বনির্ভরতা, আত্মবিশ্বাস এবং সুনিশ্চিত ভবিষ্যত "

WB-JEE / AI-JEE - 20

আর চিন্তা না করে সাফল্য পেতে হলে, সত্ত্বর যোগাযোগ করুন Arise - এ

পলিটেকনিক (JEXPO)

ন্যূনতম যোগ্যতা - মাধ্যমিক পাশ অথবা মাধ্যমিক পরীক্ষার্থী-2020, মাধ্যমিকে Over All 35% Marks. বয়সের কোন উর্দ্ধসীমা নেই।

ও ভোকলেট-20

ITI 2 Years Or Vocational Pass

* অঙ্ক না কষে, প্রশ্ন দেখেই উত্তর করার এবং Phys., Chem. মুখস্থ না করে সঠিক পদ্ধতি শিখে উত্তর করতে হলে আজই যোগাযোগ করুন।

সরকারী কলেজে ভর্তির প্রস্তুতির জন্য সত্ত্বর যোগাযোগ করুন Arise -এ

JELET-20 ভালো RANK করতে হলে যোগাযোগ করুন ARISE এ

For Admission Details Contact :
9332942455
8371917679

Arise
achieve your TARGETS

Head Office

| | | |
|---|---|---|
| চাকদহ 8759247008 | দমদম 8001132108 | arisechakdaha@gmail.com |
| রানাঘাট 8371918243 | বালিগঞ্জ 8371918243 | হাওড়া 8759247057 |
| কৃষ্ণনগর 8759247332 | বারাসাত 7319096710 | শ্রীরামপুর 7319096712 |
| বহরমপুর 8759247319 | সোদপুর 7319096716 | ব্যান্ডেল 9593060300 |
| মালদা 8759247056 | নৈহাটি 8759247382 | বর্ধমান 7319096713 |
| শিলিগুড়ি 9332942455 | কাঁথি 9332942455 | আরামবাগ 7679757409 |

## হাই কোর্টে ১৪৭ রিভিউ অফিসার ও অ্যাসিস্ট্যান্ট

এলাহবাদ হাইকোর্ট 'রিভিউ অফিসার' ও 'কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট' পদে ১৪৭ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**রিভিউ অফিসার** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। কম্পিউটার সায়েন্সের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ কিংবা নিলেট বা, ডোয়েক থেকে 'ও' লেভেল কোর্স পাশ কিংবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার সায়েন্সের সি.সি.সি. সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। কম্পিউটারে ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার অপারেশনের কাজে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০১৯'এর হিসাবে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। শূন্যপদ : ১৩২টি (জেনাঃ ৬৮, ও.বি.সি. ৩৫, তঃজাঃ ২৭, তঃউঃজাঃ ২)। এই পদের পোস্ট কোড : 02/R.O./2019.

**কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট** : যে কোনো

এরপর ১৬ পাতায়

## ম্যাঙ্গালোর রিফাইনারিতে ২১১ টেক. অ্যাসিস্ট্যান্ট

ম্যাঙ্গালোর রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল লিমিটেড 'টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি (কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন)' ও 'ট্রেনি অ্যাসিস্ট্যান্ট (মেটেরিয়ালস)' পদে ০০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি (কেমিক্যাল)** : কেমিক্যাল, পেট্রো-কেমিক্যাল, পলিমার বা, রিফাইনারি ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১১৩টি (জেনাঃ ৪৫, ই.ডব্লু.এস. ১১, ও.বি.সি. ৩১,

এরপর ৭ পাতায়

## ১১৬ অ্যাপ্রেন্টিস

ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ 'টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস' ও 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ১১৬ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

**টেকনিশিয়ান (ডিপ্লোমা)**

এরপর ২ পাতায়

## কোল ফিল্ডে ৫৭ অ্যাকাউন্ট্যান্ট

ইস্টার্ণ কোলফিল্ডস লিমিটেড 'কস্ট অ্যাকাউন্ট্যান্ট / অ্যাকাউন্ট্যান্ট' পদে ৫৭ জন লোক নিচ্ছে। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যাকাউন্ট্যান্সির ইন্টারমিডিয়েট কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ১-৪-২০১৯'এর হিসাবে

এরপর ২ পাতায়

## ব্রড কাস্টে ৫৩ টেকনিশিয়ান


ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড অপারেশন থিয়েটার টেকনিশিয়ান ও অপারেশন থিয়েটার অ্যাসিস্ট্যান্ট পদে ৫৩ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

এরপর ২ পাতায়

GNM ও B.Sc. Nursing-এ ভর্তির
Last chance in 2019-20 (ব্যাঙ্গালোর / কর্ণাটক)

কলেজগুলি INC, RGUHS & State Govt. Council স্বীকৃত

ছেলে ও মেয়ে উভয়ই যোগ্য। বয়স : 17 থেকে 35



GNM

| S.N | Name of College | Seat |
|---|---|---|
| 1. | Bapuji School of Nursing (under Bapuji Medical College Trust) | 2 Nos. |
| 2. | BGS Academy for Nursing Sciences | 2 Nos. |
| 3. | Vivekananda School of Nursing | 2 Nos. |
| 4. | Tapovana Institute of Nursing | 10 Nos. |
| 5. | Sapthagiri Sciences Institute of Medical Sciences & Research Centre | 2 Nos. |

B.Sc. Nursing

| S.N | Name of College | Seat |
|---|---|---|
| 1. | Dr. B. R. Ambedkar College of Nursing | 2 Nos. |
| 2. | East Point College of Nursing | 2 Nos. |
| 3. | Raja Rajeshwari College of Nursing | 1 No. |

& others

ছাত্রছাত্রী ও অভিভাবকের উদ্দেশ্যে

- শিক্ষার্থীর ভবিষ্যত নিয়ে আপোস নয়। তাই গিফ্‌ট অথবা ডিসকাউন্টের ফাঁদে পা দেবেন না।
- আমরা Exclusive Authorized Advisor হিসাবে একাধিক মেডিক্যাল কলেজের সঙ্গে যুক্ত।
- একমাত্র মেডিক্যাল কলেজ যুক্ত নার্সিং কলেজের সার্টিফিকেটই পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে সরকারি ও বেসরকারি চাকরির ক্ষেত্রে অগ্রাধিকার পেয়ে থাকে।

INNOVATIVE CAREER FOUNDATION
Room No 17 1st Floor, 16, India Exchange Place, Kolkata-1
033-46042059 / 9051519293

উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা ও নদিয়া - 7980369219
বর্ধমান - 9800245711, দুর্গাপুর - 8597978485, হাওড়া ও হুগলি - 7890650288
রায়গঞ্জ ও মালদা - 9531730855, রামপুরহাট ও মুরারই - 9775115655

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

**স্কুল-কলেজ-শিক্ষা**

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555. LG

**WBCS, PSC, কম্বাইন্ড**
হাতে ধরে শেখানো হয়। All Subject. ICE বালিগঞ্জ, New Admission - 9804412898. R

**কর্মখালি**

**এয়ারপোর্ট, মেট্রো ডাইরেক্ট নিয়োগ**
দমদম Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 119 জন M/F কর্মী চাই। যোগ্যতা -৮ম / স্নাতক। বেতন - 17300/- - 45900/-. থাকা-খাওয়া ফ্রী। M : 9732296073. SA (A)

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্ক**
গভঃ স্বীকৃত সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে M/F নিয়োগ চলছে। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 14300/- – 42700. বয়স : 18 – 35. Ex. আর্মির বিশেষ সুযোগ। M - 9851453605. SA (A)

**দোহাই, আর ঠকবেন না**
বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, কর্মসংস্থান।

**স্কুল-কলেজ-শিক্ষা**

**PSC, RAIL, IBPS, SSC**
Above 80% success for Govt. Service. Mrs. Maity, Ph : 9874121627. SH (S)

**SLST + TET**
নতুন নিয়ম অনুসারে এডুকেশন Bio Sc, বাংলা, ইতিহাস, ভূগোল TET (I-V & VI-XII) এ spl. কোচিং। গড়িয়া- 9831274056. D

**SI CLASSES**
-এর WBCS কোর্স সম্পর্কে বিস্তারিত জানতে দেখুন — WWW.SICLASSES.COM MS

**100 টাকায়**
PSC, CLERK, SI, RAIL কোচিং হয়। দুপুরে খাবার ও যাতায়াত ফ্রি। LPA - M : 7003966500. SH

**GNM / B.Sc. নার্সিং**
শেষ 14টি আসন খালি। INC অনুমোদিত কলেজ। ফ্রী নোটস। 100% Job Assistance. IASBM, দমদম - 9073386337 SH

**Vision Institute**
**B.Ed & M.Ed.**
Ph.D, LLB, Pharmacy Engg. & Management
GNM, B.Sc নার্সিং
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স (Regular & Distance)
কলকাতা — 7603004974, 7603004973/1

**কর্মখালি**

**Airport ও মেট্রো**
Govt. R/L No. - 3923. গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17200 – 48500. M - 8967867616. SA (A)

**পুজোর ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টারের অধীনে 109 জন M / F কর্মী চাই। যোগ্যতা -৮ম / স্নাতক। বেতন - 16700/- – 49300/-. থাকা - খাওয়া ফ্রীতে। যোগাযোগ- M : 9563998788 SA (A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
লিখিত এগ্রিমেন্ট পেপার-সহ ব্যাঙ্ক DSA ও Airport-এ কন্ট্রাক্টরের অধীনে M/F জয়েনিং চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন 18600/- – 45800/-. M – 7551841713. SA (A)

**স্কুল-কলেজ-শিক্ষা**

**নার্সিং ভর্তি ! ! !**
পুং/স্ত্রী GNM (মোট ১,৫০,০০০) & BSC নার্সিং (মোট ৩,০০,০০০) INC. কলকাতায় পড়ানো হয়। MNCC - (M) 8336015296. SH

**পি.কুণ্ডু MATH শেখাচ্ছেন**
আইডিয়ালে। WBCS, রেল, PSC, পুলিশ, আর্মির গ্যারান্টেড কোর্স। বারুইপুর, বারাসাতে মেস আছে। 9831757747, 8420235300 SH

'উৎকর্ষবাংলা' প্রকল্পে নিখরচায় দক্ষতা বাড়ানোর ট্রেনিং ১। কম্পিউটার, ২। হেল্থ, ৩। টেলারিং, ৪। কাস্টমার কেয়ার, ৫। রিটেইল, ৬। গার্ডেনার। সীট সীমিত। কেন্দ্রীয় সরকারের সার্টিফিকেট দেওয়া হবে। ক্লাস সপ্তাহে ৬দিন। সফল ছাত্রছাত্রীরা সরকারের কাছ থেকে এককালীন ভাতা পাবেন। যোগাযোগ : সোনারপুর স্বামী বিবেকানন্দ মানস মিশন-নোনাজগদীশপুর, লিভার হাসপাতালের নিকট। TOT Certified trainer চাই। ফোন : 9231830155, 8013087992, 7044766116. SH (S)

**Ph.D করুন স্বল্পসময়ে**
UGC স্বীকৃত ও নতুন নিয়মানুযায়ী। পাব্লিকেশন, কোর্সওয়ার্ক, থিসিস, সেমিনার100% সাপোর্ট শিক্ষাকেন্দ্র শিলিগুড়ি, কলকাতা ও মালদা 7699002456/9332052844. R

**এক জানলায়**
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
কর্মসংস্থান, সংবাদ ও Appointment & Career News -এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

বীরভূম ও মুর্শিদাবাদ
**UNIQUE MEDIA CHANNEL**
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

পুরুলিয়া ও বাঁকুড়া
**Manorama Ad Agency**
Manorama Collection, P.N Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

উত্তর কলকাতা
**SUPRIYA PUBLICITY**
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

দক্ষিণ ২৪ পরগণা
**Arthsaza Media Infotech Pvt. Ltd.**
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

appointmentnews@gmail.com
9874922004

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**বিশেষ বিজ্ঞপ্তি**
'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, কর্মসংস্থান।

## কোল ফিল্ডে ৭৫ জুনিয়র ওভারম্যান

কোল ইন্ডিয়ার সহায়ক সংস্থা সেন্ট্রাল কোলফিল্ডস লিমিটেড 'জুনিয়র ওভারম্যান' পদে ৭৫ জন লোক নিচ্ছে।

মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা বৈধ গ্যাস টেস্টিং ও ফার্স্ট এড সার্টিফিকেট থাকলে আর ডি.জি.এম.এস. থেকে ওভারম্যান্স কম্পিটেন্সি সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা ডি.জি.এম.এস. থেকে বৈধ ওভারম্যান, বৈধ গ্যাস টেস্টিং ও বৈধ ফার্স্ট এড সার্টিফিকেট থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১০-১১-২০১৯'র হিসাবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। তপশিলীরা ২ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক মাইনে ৩১,৮৫২.৫৬ টাকা। শূন্যপদ : ৭৫টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ২, ব্যাকলগ তঃউঃজাঃ ৪৮)। বিজ্ঞপ্তি নং : Ref. No.: CCL / Recruitment/Adv.-Stat./092019/01.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে রাঁচীতে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। সফলদের তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.centralcoalfields.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পাশপোর্ট মাপের রঙিন ফটো ২০ কে.বি.'র মধ্যে জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এছাড়াও ২০০ টাকা অনলাইনে বা চালানের মাধ্যমে জমা দেবেন। তপশিলীদের ফী লাগবে না।

অনলাইনে দরখাস্ত করার পর অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে দরখাস্ত ডাকে পাঠাতে হবে। তখন দরখাস্তের সঙ্গে দেবেন : (১) এখনকার তোলা স্ব-প্রত্যয়িত করা ১ কপি রঙিন পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (২) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৩) ২৫.৪×১১.৪ সেমি মাপের ২টি উইন্ডো খাম, (৪) টাকা জমা দেওয়ার রিসিপ্ট কপি কিংবা চালান কপি। দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পীড ডাকে। দরখাস্ত-ভরা খাপের ওপর লিখবেন 'Post Applied for - Junior Overman (Application ID-......). দরখাস্ত পৌঁছনো চাই ২০ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The General Manager (Recruitment), Recruitment Department, 2nd Floor, Damodor Building, Central Coalfields Limited, Darbhanga House, Ranchi - 834 001.

## কোস্ট গার্ডে নাবিক

১ পাতার পর

প্রার্থীরা ৩ বছর আর তপশিলী প্রার্থীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, নেপালি ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে ভালো চোখে ৬/৩৬ ও খারাপ চোখে ৬/৩৬। মূল মাইনে : ২১,৭০০ টাকা।

স্বাভাবিক শ্রবণশক্তি ও দু'পাটি অক্ষত দাঁত থাকা দরকার। যে কোনো রোগমুক্ত শরীর, শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। এছাড়াও রেশন ভাতা, পোশাক ভাতা, ডাক্তারি খরচ, সরকারি আবাসে পরিবার-সহ থাকার সুযোগ, যাতায়াত ভাড়ায় ছাড়, ১০ লাখ টাকা গ্রুপ বিমা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ক্যান্টিন, ঋণ ইত্যাদির সুযোগ পাবেন। ট্রেনিং শুরু ফেব্রুয়ারিতে। ট্রেনিং চলার সময় যাবতীয় খরচ সরকার বহন করবে। এই পদ থেকে 'প্রধান অধিকারী' পদ পর্যন্ত পদোন্নতি হতে পারে।

শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের লিখিত পরীক্ষার 'কল লেটার' পাঠানো হবে। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, অঙ্ক, জেনারেল সায়েন্স, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়ারনেস ও রিজনিং। তারপর হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড়, ২০ বার ওঠ-বোস আর ১০ বার পুশ-আপ। সব বিষয়ে সফল হলে ট্রেড টেস্ট। শারীরিক সক্ষমতার পরীক্ষা ও সব শেষে ডাক্তারি পরীক্ষা হবে ওড়িশার আই.এন.এস. চিল্কায়। পরীক্ষা হবে কলকাতায় নভেম্বরে। মেধা তালিকা বেরোবে মার্চে। ট্রেনিং শুরু এপ্রিলে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ অক্টোবর থেকে ৮ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiancoastguard.gov.in প্রথমে পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.জি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে Naviks (10th Entry) 01/ 2020 Batch'এ গিয়ে 'Navik Domestic Branch' সিলেক্ট করুন। এবার 'I Agree'তে ক্লিক করে Online Application'এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করবেন। এরপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## ১১৬ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

**অ্যাপ্রেন্টিস** : সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা, আই.টি. ট্রেডের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : সিভিলে ২টি, মেকানিক্যালে ৩টি, ইলেক্ট্রিক্যালে ৫টি, ইলেক্ট্রনিক্স ২৩টি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং /আই.টি. ২৩টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস** : সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : সিভিল ১টি, ইলেক্ট্রিক্যাল ৫টি, ইলেক্ট্রনিক্স ২৫টি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ২২টি, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং ২টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (লাইব্রেরি সায়েন্স)** : লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

ওপরের সব ক্ষেত্রে ২০১৭ সালের আগে পাশ হলে যোগ্য নন। শুরুতে ১২ মাসের ট্রেনিং। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা / ইন্টারভিউয়ের মাধ্যমে। এই পদের বিজ্ঞপ্তি নং : Advt. No. ITR/ HRD/AT/05/2019.

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে: www.hmrdnats.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ব্রড কাস্টে ৫৩

১ পাতার পর

**অপারেশন থিয়েটার টেকনিশিয়ান** : সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। ও.টি. টেকনিক্সের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৯,০৩২ টাকা। শূন্যপদ : ৪৫টি।

**অপারেশন থিয়েটার অ্যাসিস্ট্যান্ট** : সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৭,৪৯৮ টাকা। শূন্যপদ : ৮টি। দুই ক্ষেত্রেই চাকরি হবে চুক্তিতে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.becil.com তখন সঙ্গে দেবেন : (ক) বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার স্ব-প্রত্যয়িত নকল, (খ) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের ফটো, (গ) প্যান কার্ড ও আধার কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (ঘ) ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২৫০) টাকার ডিমান্ড ড্রাফট। 'Broadcast Engineering Consultants India Limited'এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'New Delhi'. দরখাস্ত পৌঁছনো চাই ২৫ অক্টোবরের মধ্যে। এই ঠিকানায় : The Deputy General Manager (HR), BECIL's Corporate Office, BECIL Bhawan, C-56 / A-17, Sector - 62, Noida - 201307 (U.P.).

## কোল ফিল্ডে ৫৭ অ্যাকাউন্ট্যান্ট

১ পাতার পর

১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে ৩৭,০৬৩.৪১ টাকা। শূন্যপদ : ৫৭টি (জেনাঃ ২৫, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ৫০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, অ্যারিথমেটিক, জেনারেল ইংলিশ ও সংশ্লিষ্ট বিষয় সংক্রান্ত প্রশ্ন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.easterncoal.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এছাড়াও ৫০০ টাকা চালানের মাধ্যমে জমা দেবেন এই পাওয়ার জ্যোতি অ্যাকাউন্ট নম্বরে : 35228997799 of State Bank of India (Sanctoria Branch, Code 06114). তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। টাকা জমা দেওয়ার পর ব্যাঙ্ক ডিপোজিট চালান স্ক্যান করে নেবেন।

এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




## কর্মখালি

Needs Full Time Sales & Service Engg. for Chillers & Cryogenic Equip. Min. Qual: Diploma / Graduation. gmcommercial@addcool.in ADDCool-919836991898.

SH (S)

**হোটেলে 8200 – 15300**

3 ও 5 স্টার হোটেলে প্রচুর স্থায়ী কাজের সুযোগ। থাকা-খাওয়া ফ্রী। পরামর্শ ও সহযোগিতা। Kolkata - 9831343039, Berhampore - 9748835074.

SH

Govt. স্বীকৃত অফিসের জন্য (মাধ্যমিক+অনূর্ধ্ব 30) 120জন M/F চাই। আয় : 10500/-+ থাকা ফ্রী। কলকাতা : 8697565808.

SH

**আর্জেন্ট ভ্যাকান্সি**

শূন্যপদ - ১৩০। 3 Star এবং 5 Star হোটেল-এ বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। PF, ESI, থাকা ও খাওয়ার সুবিধা আছে। বেতন - 12792/- – 16792/-. M - 8609637802.

SA

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11500 – 18500)। M - 8348727948.

SA

## কর্মখালি

**VODA, JIO 4G ও SBI Banking**

বাংলাভাষী কাস্টঃ কেয়ারে MP-Graduate (18-35) অভিজ্ঞ/ অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতনঃ 12,000+ অন্যান্য সুবিধা। দমদম : 7365834373, গড়িয়া : 9002033880

R

**ট্রেনিং দিয়ে কর্মী নিয়োগ**

মাধ্যমিক-স্নাতক ও ওয়েল্ডার, ফিটার ও সিভিল ট্রেডে পাস করে থাকলে কোম্পানিতে ট্রেনিং ও কাজের ও ইঞ্জিনিয়ারিং পড়ার ব্যবস্থা আছে। M- 7584956125.

SH (S)

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944

SA

**সরাসরি কর্মী নিয়োগ**

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500–18500. 8436485750

SA

## শিক্ষক-শিক্ষিকা

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরের দক্ষিণ বারাশত স্টেশন থেকে ৯ কিমি দূরে এক বেসরকারি প্রাইমারি স্কুলের জন্যে কমপক্ষে উচ্চমাধ্যমিক পাশ শিক্ষক / শিক্ষিকা দরকার। নাচ, গান, অঙ্কন, ব্রতচারিতে দক্ষতা বিশেষ গুরুত্ব পাবে। মাসিক সাম্মানিক : ৩,০০০ - ৫,০০০ টাকা। এছাড়া মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের তালিম দিতে সক্ষম অঙ্ক, ফিজিক্স ও বাংলার শিক্ষক শিক্ষিকা দরকার। নির্দিষ্ট বিষয়ে অন্তত সাম্মানিক-সহ স্নাতক হতে হবে। একমাত্র স্থানীয়রাই আবেদনের যোগ্য। সপ্তাহে ২ - ৫ দিন ক্লাস। সকাল ৭টা - ৯টা। মাসিক সাম্মানিক : ২,০০০ - ৪,০০০ টাকা। ফোন নম্বর, নাম, বাবা / স্বামীর নাম, ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অতিরিক্ত যোগ্যতার বিবরণ দিয়ে সাদা কাগজে দরখাস্ত পাঠান। সঙ্গে দিতে হবে বয়সের প্রমাণপত্র, প্রতিটি পরীক্ষার মার্কশিট ও অতিরিক্ত যোগ্যতার শংসাপত্রের প্রতিলিপি। প্রাথমিক, না মাধ্যমিক বিভাগের জন্য আবেদন তা খামের ওপর লিখে দেবেন। পাঠাবেন এই ঠিকানায় : বক্স নং - ১৯১০২০১৯, কর্মসংস্থান, ১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯। দরখাস্ত জমার শেষ তারিখ ২৯.১০.২০১৯।

SH


**দোহাই, আর ঠকবেন না**

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।


**বিশেষ বিজ্ঞপ্তি**

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।


# চাকরির পরীক্ষার গণিত

## অ্যারিথমেটিক

1. A man can row $9\frac{1}{3}$ km/hour in still water and he finds that it takes him thrice as much time to row up than as to row down the same distance in river. What is the speed of current ?

(1) $3\frac{1}{3}$ km/hour (2) $3\frac{1}{9}$ km/hour
(3) 14km/hour (4) $4\frac{2}{3}$ km/hour
(5) None of these

2. The batting average for 40 innings of a cricket player is 50 runs. His highest score exceeds his lowest score by 172 runs. If these two innings are excluded, the average of the remaining 38 innings is 48. What was his highest score?

(1) 172 (2) 173 (3) 174
(4) 176 (5) None of these

3. Average temperature during a certain week was 34°C, Average temp. for Sunday, Monday, Tuesday and Wednesday was 30°C and the average temp. for Wednesday, Thursday, Friday and Saturday was 40°C. What was the temp. on Wednesday?

(1) 26°C (2) 30°C (3) 34°C
(4) 42°C (5) None of these

4. The sum of three numbers is 98. If the ratio of the first to the second is 2 : 3 and that of the second to the third is 5:8, then what is the second number?

(1) 20 (2) 30 (3) 48
(4) 58 (5) None of these

5. A man plants 15625 apple trees in his garden and arranges them so that there are as many rows as there are apple trees in the row. What is the number of rows?

(1) 125 (2) 85 (3) 105
(4) 135 (5) None of these

6. The sum of two numbers is 528 and their H.C.F. is 33. What is the number of pairs of numbers satisfying the above condition?

(1) 16 (2) 12 (3) 8
(4) 4 (5) None of these

7. What is the value of $\frac{\sqrt{81}}{\sqrt{.09}}$ ?

(1) 3 (2) 0.3 (3) 30
(4) 300 (5) None of these

8. A school has only three classes which contain 40, 50 and 60 students respectively. The pass percentages of these classes are 10, 20 and 10 respectively. What is the pass percentage of the school?

(1) $13\frac{1}{3}$ % (2) 15% (3) $16\frac{2}{3}$ %
(4) 20% (5) None of these

9. A and B invested in a trade. They earned some profit which they divided in the ratio 2 :3 of their investment. If A invested Rs. 40, then what is the amount invested by B ?

(1) Rs. 30 (2) Rs.60 (3) Rs. 90
(4) Rs. 100 (5) None of these

10. The height and the radius of the base of a cone are each increased by 100%. The volume of the new cone becomes how many times of the volume of the original cone?

(1) eight times (2) six times
(3) four times (4) three times
(5) None of these

11. A man sells 2 horses at the same price. On one he makes a profit of 10% and on the other he loses 10%. On the whole he

(1) makes no profit no loss (2) makes a profit of 1% (3) suffers a loss of 1% (4) suffers a loss of 2% (5) None of these

12. A man gains 10% by selling a certain article for a certain price. If he sells it at double the price, the profit made is

(1) 20% (2) 60% (3) 100%
(4) 120% (5) None of these

13. The difference in simple and compound interest on a certain sum of money in 2 year at 15% per annum is Rs. 144. What is the sum (in Rs.)?

(1) 6,000 (2) 6,200 (3) 6,300
(4) 6,400 (5) None of these

14. Water expands $9\frac{1}{11}$ % of its volume as it freezes into ice. The cubic metres of ice which can be obtained from 55 cubic metres of water is

(1) 50 (2) 60 (3) 80
(4) 75 (5) None of these

15. In an examination, 1100 boys and 900 girls appeared. 50% of the boys and 40% of the girls passed the examination. The percentage of candidates failed is

(1) 45.0 (2) 45.5 (3) 54.5
(4) 59.2 (5) None of these

16. A sum of Rs. 1,750 is divided into two parts such that the interests on the first part at 8% simple interest per annum and that on the other part at 6% simple interest per annum are equal. The interest on each part (In rupees) is

(1) 60 (2) 65 (3) 70 (4) 40

17. The simple interest on a sum after 4 years is $\frac{1}{5}$ of the sum. The rate of interest per annum is

(1) 4% (2) 5% (3) 6% (4) 8%

18. Three solid spheres of a metal whose radii are 1 cm, 6 cm and 8 cm are melted to form an other solid sphere. The radius of this new sphere is

(1) 10.5 cm (2) 9.5 cm
(3) 10 cm (4) 9 cm

19. The average monthly income of A and B is Rs. 14,000, that of B and C is Rs. 15,600 and A and C is Rs. 14,400. The monthly income of C is

(1) Rs. 16,000 (2) Rs. 15,000
(3) Rs. 14,000 (4) Rs. 15,500

20. The average of first three numbers is thrice the fourth number. If the average of all the four numbers is 5, then find the fourth number.

(1) 4.5 (2) 5 (3) 2 (4) 4

21. The average age of eleven players of a cricket team decreases by 2 months when two new players are included in the team replacing two players of ages 17 years and 20 years. The average age of new players is

(1) 17 years 1 month (2) 17 years 7 months
(3) 17 years 11 months (4) 18 years 3 months

22. The ratio of the number of students in three classes is 2 : 3 : 5. If 20 students are increased in each class, the ratio becomes 4 : 5 : 7, what was the total number of students before the increase?

(1) 10 (2) 90
(3) 100 (4) 110

23. By which smallest number should 20184 be multiplied so that it becomes a perfect square?

(1) 2 (2) 3
(3) 5 (4) 6

24. If the expenditure of gas on burning 6 burners for 6 hours a day for 8 days is Rs. 450, then how many burners can be used for 10 days at 5 hours a day for Rs. 625?

(1) 12 (2) 16
(3) 4 (4) 8

### সেকেন্ডে উত্তরের কৌশল

**1(4). 2(3). 3(4).** $30\times 4 + 40 \times 4 - 34 \times 7 = 120 + 160 - 238 = 42$. **4(2).** প্রশ্নানুযায়ী, $x + y + z = 98$ ও $\frac{x}{y}$ $\frac{2}{3}$, $\frac{y}{z}$ $\frac{5}{8}$. তাহলে $y = 30$. **5(1).** $\sqrt{15625} = 125$. **6(4).** ওই দুই শর্ত পূরণ করতে পারে এমন জোড় হবে এই 4টি : (33,495), (99,429), (165,363) ও (231,297). **7(3).** $\frac{9}{0.3} = 30$. **8(1).** 150 জন ছাত্রের মধ্যে পাশ করেছে $4 + 10 + 6 = 20$ জন। তাহলে পাশের শতকরা হার $= \frac{20}{150} \times 100 = 13\frac{1}{3}\%$. **9(2).** লাভ যেহেতু 2 : 3 অনুপাতে ভাগ হবে, তাই বিনিয়োগের অনুপাতও হবে, 2 : 3. এবার B-র বিনিয়োগ x টাকা হলে, $\frac{x}{40}$ $\frac{3}{2}$ বা, $x = 60$. **10(1).** $\frac{1}{3}$ $(2r)^2 \times 2h = 8$ $\frac{1}{3}$ $r^2h$. **11(3). 12(3). 13(4). 14(2).** $\frac{55}{100}$ $109\frac{1}{11} = 60$. **15(3).** 2000 জন ছাত্রের মধ্যে, পাশ করেছে $550+360 = 910$ জন ছাত্র-ছাত্রী ও ফেল করেছে 1090 জন। তাহলে ফেল করা ছাত্র-ছাত্রীদের শতকরা হার হবে, $\frac{1090}{2000} \times 100 = 54.5\%$. **16(1).** প্রথম ও দ্বিতীয় অংশের আসলের অনুপাত 6 : 8 = 3 : 4. তাহলে প্রতিটি অংশের সুদ $\left(\frac{1750}{7} \times 3 \times \frac{8}{100}\right)$ টাকা = 60 টাকা। **17(2).** সরল সুদে 4 বছরে 5 টাকায় সুদ হয় 1 টাকা। তাহলে সুদের হার হল $\left(\frac{1}{5 \times 4} \times 100\right) = 5\%$. **18(4).** বড় গোলকের ব্যাসার্ধ হবে $\sqrt[3]{1^3 + 6^3 + 8^3} = 9$ সেন্টিমিটার। **19(1).** A, B ও C-র মোট মাসিক আয় (14,000+15,600+14,400) = 44,000 টাকা। তাহলে C-র মাসিক আয় হল {44,000–(14000×2)} টাকা বা, 16,000 টাকা। **20(3).** চতুর্থ সংখ্যাটি হল $\frac{5 \times 4}{(3 \times 3) + 1} = 2$. **21(2).** নতুন দু'জন খেলোয়াড়ের মোট বয়স $\{(20+17) - \frac{2 \times 11}{12}\}$ বছর = 35 বছর 2 মাস। তাহলে নতুন দু'জনের গড় বয়স হবে $\frac{\text{35 বছর 2 মাস}}{2}$ = 17 বছর 7 মাস। **22(3).** 20 জন করে বাড়ায় নতুন অনুপাত আগের অনুপাতের থেকে প্রতিটি 2 করে বেড়েছে। তাহলে আগের ছাত্র সংখ্যা হল $\frac{20}{2} \times (2+3+5)$ বা, 100 জন। **23(4).** $20184 = 2^2 \times 29^2 \times 2 \times 3$. তাহলে সংখ্যাটি বর্গ করতে (2×3) বা, 6 দিয়ে গুণ করতে হবে। **24(4).** বার্ণার লাগবে $6 \times \frac{6}{5} \times \frac{8}{10} \times \frac{625}{450}$ বা, 8 টি।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাফল্যের প্রস্তুতি

# টেক্সটাইল ইঞ্জিনিয়ার থেকে কীভাবে ডব্লুবিসিএস অফিসার হলাম



**মহঃ জসীমউদ্দীন মণ্ডল**

নদিয়া জেলার বানপুরে মাটিয়ারী গ্রামের ছেলে আমি। বাবা দিনমজুরের কাজ করে আমাদের বড় করেছেন, লেখাপড়া শিখিয়েছেন। ছোটবেলা থেকেই চরম দারিদ্রের সঙ্গে লড়াই করে বড় হয়েছি। স্থানীয় স্কুল থেকে মাধ্যমিক পাশ করি ও এরপর আল আমিন মিশন (খলতপুর) থেকে উচ্চমাধ্যমিক পাশ করি। আমার শিক্ষা জীবনে ও উত্তরণের পথে আল আমিন মিশনের বিশাল অবদান রয়েছে। উচ্চমাধ্যমিক পাশ করার পর প্রথাগত শিক্ষায় না গিয়ে বহরমপুর টেক্সটাইল কলেজ থেকে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভরতি হই। ২০১১ সালে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রি কোর্স পাশ করার পর ২০১৫ সাল পর্যন্ত দু'টি নামি সংস্থায় চাকরি করি। বেসরকারি সংস্থায় চাকরি করতে গিয়ে দেখি, আমার মেধা ও শ্রম কোম্পানির কাজে ব্যয় হচ্ছে, কিন্তু সমাজের কোনো উন্নতি হচ্ছে না। গ্রামে থাকার সময় নানা দরকারে বিডিও অফিসে যেতে হত ও তখন মানুষের সমস্যাগুলো খুব কাছ থেকে দেখেছিলাম। গ্রামের তৃণমূল স্তরের মানুষদের সমস্যার সমাধান ও উন্নয়নমূলক কর্মসূচির রূপায়ণের দায়িত্বে থাকে ডব্লুবিসিএস আধিকারিকরা। গ্রামের মানুষের জন্য কিছু করার তাগিদে ইঞ্জিনিয়ারিং চাকরি ছেড়ে ২০১৫ সালে ডব্লুবিসিএস পরীক্ষায় বসার জন্য পরিকল্পনা করি। কিন্তু এই পরীক্ষা সম্পর্কে আমার বিশেষ কিছু ধারণা ছিল না। আল আমিন মিশনই আমাকে এই পরীক্ষা সম্পর্কে সচেতন করে।

দু'বার ডব্লুবিসিএস পরীক্ষায় সফল হয়েছি। ২০০৬ সালে ডব্লুবিসিএস পরীক্ষায় গ্রুপ-ডি বিভাগে সফল হয়ে পঞ্চায়েত দফতরে চাকরি পাই। কিন্তু বরাবরই আমার লক্ষ্য ছিল ডব্লুবিসিএস এ-গ্রুপ। সেজন্য ২০১৭ সালে আবার ডব্লুবিসিএস পরীক্ষায় বসি। এই পরীক্ষায় প্রস্তুতির অভিজ্ঞতার কথা পাঠক-পাঠিকাদের জানাচ্ছি।

শুরু থেকেই আমার লক্ষ্য স্থির ছিল। সময় কম ছিল বলে দু'বারই পুরনো প্রশ্নপত্র দেখে একটা নোটস তৈরি করে নিয়েছিলাম। প্রিলিমিনারি পরীক্ষার ক্ষেত্রে আমার মূলমন্ত্র ছিল তিনটি — স্মার্ট রিভাইস, রিডিশন ও লাগাতার প্র্যাক্টিস। প্রিলিমিনারির বিভিন্ন বিষয়ের জন্য পড়েছিলাম এইসব লেখকদের বই — ১. ভারতীয় ইতিহাস : জীবন মুখোপাধ্যায়, ২. ভারতীয় ভূগোল : কার্তিক চন্দ্র মণ্ডল, ৩. রাষ্ট্রনীতি : লুসেন্ট, ৪. অর্থনীতি : তুজাম্মেল হোসেন ও আরিহান্ট পাব্লিকেশন, ৫. জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স : লুসেন্ট ও 'কর্মসংস্থান', ৬. সায়েন্স অ্যান্ড টেকনোলজি : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের বই, ৭. অ্যারিথমেটিক্স ও মেন্টাল এবিলিটি : আর.এস.আগরওয়াল ও মাধ্যমিকের পাঠ্যবই।

২০০৬ সালে প্রিলিমিনারি পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে ৬৫% প্রশ্নের উত্তর লিখেছিলাম ও ২০১৭ সালে ৭০% প্রশ্নের উত্তর লিখেছিলাম। প্রিলিমিনারির ক্ষেত্রে কাট অফ মার্কস আগে থেকে জানা যায় না। কিন্তু আমার ধারণা ৬০% প্রশ্নের সঠিক উত্তর লিখতে পারলে মেন পরীক্ষায় বসার ছাড়পত্র পাওয়া যায়।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার মধ্যে সময়ের দূরত্ব খুব কম ছিল বলে কমন বিষয়গুলো একযোগে প্রস্তুতি নিয়েছিলাম। দু'টো ক্ষেত্রেই বেশিরভাগ বিষয়ের প্রশ্ন মাল্টিপল চয়েস ধরণের হওয়ায় একযোগে প্রস্তুতি নেওয়াটাই বুদ্ধিমানের কাজ। বাংলা ও ইংরিজি — এই দু'টি বিষয়ের প্রশ্ন হয় সাবজেক্টিভ ধরণের। দু'টি বিষয়ের জন্য নিয়মিত ইংরিজি ও বাংলা সংবাদপত্র পড়তাম। বিশেষভাবে নজর দিয়েছিলাম সম্পাদকীয় লেখাগুলোয়। আলাদাভাবে নোটস তৈরি করেছিলাম। পরীক্ষার সময় সেইগুলো বারবার পড়ি। ২০১৬ সালে ঐচ্ছিক বিষয় হিসাবে নিয়েছিলাম ভূগোল ও ২০১৭ সালে আমার ঐচ্ছিক বিষয় ছিল নৃতত্ত্ব। প্রস্তুতির জন্য ডিগ্রি কোর্সের বই পড়েছিলাম। পার্সোনালিটি টেস্টের জন্য পুরনো সব পাঠ্যবইয়ে রোজ চোখ বোলাতাম। নিয়মিত সংবাদপত্র পড়ে সাম্প্রতিক ঘটনা সম্পর্কে সচেতন হয়েছিলাম। শেষবার চাকরি করতে করতে পরীক্ষা দেওয়ায় প্রস্তুতির খুব বেশি সুযোগ হয়নি। প্রথমবার পার্সোনালিটি টেস্ট নিয়ে আমার মধ্যে একটা চাপা টেনশন ছিল কিন্তু দ্বিতীয়বার যথেষ্ট আত্মপ্রত্যয়ী ছিলাম। হয়তো চাকরি পাওয়ার জন্যই নিজের মধ্যে আত্মবিশ্বাস গড়ে উঠেছিল। ২০১৭ সালের পরীক্ষায় ইন্টারভিউ বোর্ডে ছিলেন মোট ৫ জন সদস্য। শুরুতেই কিছু মামুলি প্রশ্ন জিজ্ঞেস করার পর মূলত আমার কাজ ও সমসাময়িক বিষয় নিয়ে প্রশ্ন করা হয়। যেমন — নির্বাচন বিধি, ভোটার লিস্টে নাম তোলা ও সংশোধন লিস্টে নাম তোলা। বিধানসভায় বিভিন্ন ব্লকের কাজ। আমার বাড়ি নদিয়ায় জেনে শ্রীচৈতন্য মহাপ্রভু, কৃষ্ণনগর ও রাজা কৃষ্ণচন্দ্র সম্পর্কেও নানা খুঁটিনাটি বিষয় সম্পর্কে জানতে চাওয়া হয়। সব প্রশ্নের উত্তর হাসিমুখে দেওয়ার চেষ্টা করেছিলাম। গ্রুপ-সি'তে চূড়ান্ত সফল হয়ে ডেপুটি ডিরেক্টর অফ কারেন্ট অ্যাফেয়ার্স পদে চাকরি পেয়েছি। লক্ষ্য স্থির রেখে লাগাতার স্মার্ট প্রস্তুতি নিলে ডব্লুবিসিএস পরীক্ষায় সফল হওয়া যায়। তবে পরীক্ষার্থীদের যাবতীয় সোশ্যাল মিডিয়া থেকে ও নেতিবাচক চিন্তা থেকে দূরে থাকতে হবে।


**Faculty & Receptionist চাই**

**Arise Educational Institute**

এর চাকদহ, রানাঘাট, কৃষ্ণনগর, বহরমপুর, মালদা, শিলিগুড়ি, দমদম, বালিগঞ্জ, বারাসাত, সোদপুর, নৈহাটী, কাঁথি, হাওড়া, শ্রীরামপুর, ব্যান্ডেল, বর্ধমান, আরামবাগ শাখার জন্য Faculty (Phy,Chem,Math) ও Receptionist চাই। Mob - 8620040133

Send CV with Photo -arisechakdaha@gmail.com



**পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম** cmi

(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)

সি এফ ২১৭/এ/১, সেক্টর- ১, সল্টলেক, কলকাতা- ৭০০০৬৪

**তপশিলী জাতি ও আদিবাসী যুবক/যুবতীদের কর্মসংস্থানের জন্য বিনা ব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ**

| বিষয় | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| Distributor Salesman-Retail Sector (RAS/Q0604) | দশম শ্রেণী উত্তীর্ণ |

যোগ্যতা : বয়স ১৮ বছর থেকে ৩৫ বছর। পারিবারিক বার্ষিক আয় সর্বাধিক ৩,০০,০০০ টাকা।

প্রশিক্ষণ কেন্দ্র :

| জেলা | প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা | বিষয় | আসন সংখ্যা |
|---|---|---|---|
| কলকাতা | 1st Floor Dimple Court, 26, Shakespeare Sarani, Kolkata- 700 017 | Distributor Salesman | 100 |
| হুগলী | 87 B/15, West Belting Bazar, G.T. Road, Srerampore- 712 803 | Distributor Salesman | 50 |
| দক্ষিণ ২৪ পরগনা | 1582 Rajdanga Main Road, 1st Floor, Southend Conclave, Kolkata- 700 107 | Distributor Salesman | 50 |
| উত্তর ২৪ পরগনা | Barrackpore SMP Sarani (Ganja Goli), Near LIC Office, North 24 Parganas- 713 101; Champadali, Vivekananda Road, Barasat- 700 124 | Distributor Salesman | 50 |
| পূর্ব বর্ধমান | CFAC Bhaban, 1st Floor, 54/1, Kachari Road, Ward No. 34, Burdwan- 713 101 | Distributor Salesman | 50 |
| পশ্চিম বর্ধমান | B6/9, Allauddin Khan Bithi, City Centre, Durgapur- 713 216 | Distributor Salesman | 50 |
| পশ্চিম মেদিনীপুর | 267/19, Jafala Road, Inda Kamala Cabin, Kharagpur, Paschim Medinipur- 721 305 | Distributor Salesman | 50 |
| শিলিগুড়ি | Siliguri Centre, PO: Champasari, Debidanga, Dist: Darjeeling- 734 033 | Distributor Salesman | 50 |
| জলপাইগুড়ি | Kharia, PO: Panda Para Kali Bari, Jalpaiguri- 735102 | Distributor Salesman | 50 |

অনলাইনে সরাসরি আবেদন করুন এই ঠিকানায় : www.wbscstcorp.gov.in এবং www.cmilead.com

বিশদ জানতে যোগাযোগ করুন : +91 7595049570 / +91 8336988536 / +91 9230507528

আবেদনের শেষ তারিখ : 30th নভেম্বর 2019

প্রকল্প রূপায়ণে — CMI Learning & Development Pvt. Ltd.


## আমদানি-রফতানির সরকারি কোর্স

**নিজস্ব প্রতিনিধি :** কেন্দ্রীয় সরকারের বাণিজ্য মন্ত্রকের ডিরেক্টর জেনারেল অফ ফরেন ট্রেড ও ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ফরেন ট্রেড যৌথ উদ্যোগে অনলাইনে ইম্পোর্ট-এক্সপোর্টের সার্টিফিকেট কোর্সে ভরতি নিচ্ছে। এই কোর্সটি চালু করা হয়েছে 'নির্যাত বন্ধু' প্রকল্পের অধীনে। বাণিজ্য মন্ত্রকের প্রকল্প। দেশের উদ্যোগীদের রফতানি বাণিজ্যে উৎসাহ দিতে কেন্দ্রীয় সরকার প্রকল্পটি চালু করেছে। যে কোনো উদ্যমী বা, ছাত্র-ছাত্রীরা কোর্সটি করতে পারেন। শিক্ষাগত যোগ্যতা ও বয়সের কোনো কড়াকড়ি নেই। পড়ানো হবে ইংরিজি মাধ্যমে। পড়ানো হবে অনলাইন পদ্ধতিতে। একটা ইন্টারনেট যুক্ত কম্পিউটার বা, স্মার্টফোন থাকলেই ট্রেনিংয়ের সুযোগ পাওয়া যাবে। পড়ানো হবে ১৯টি সেশনে। পাঠ্যসূচির ২০টি মডিউলে আছে ভারতের রফতানি বাণিজ্যের প্রেক্ষাপট, বাজার সমীক্ষা, ব্যাঙ্ক প্রকল্প, রিস্ক ম্যানেজমেন্ট, অ্যাকাউন্টিং, জি.এস.টি, প্যাকেজিং, প্রোমোশন এক্সপোর্ট ইত্যাদি বিষয়। প্রতিটি মডিউলের কোর্স মেটেরিয়াল পাবেন অনলাইনে। সব মডিউল শেষে অনলাইনে পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষায় থাকবে ৫০টি মাল্টিপল চয়েজের প্রশ্ন। ৭০% বেশি নম্বর পেলে সার্টিফিকেট পাবেন। এই সার্টিফিকেট দেবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ফরেন ট্রেড। ভরতির জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে : www.niryatbandhu.iift.ac.in রেজিস্ট্রেশন ফী জি.এস.টি নিয়ে ২,৩৬০ টাকা। পরীক্ষার ফী ২,০০০ টাকা। আর কোনো খরচ নেই।


**রাজ্য পুলিশ ও আর্মি র‍্যালির মাঠ ও লিখিত পরীক্ষার স্পেশাল প্রস্তুতি**

ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমিতে। যেসব কোর্সে ভর্তি চলছে : রাজ্য পুলিশ কনস্টেবল / এক্সাইজ কনস্টেবল ও এস.আই.(Pre/Mains), CISF Head Constable ও Tradesman, Army (মাঠ ও লিখিত পরীক্ষা), Navy, Airforce (X & Y), Coast Guard। পরবর্তী ব্যাচ ২০, ২৫, ৩০ অক্টোবর'১৯। ট্রেড অনুযায়ী বিষয়ভিত্তিক পৃথক ক্লাস। ইংরেজি এবং বাংলাতে কমনযোগ্য স্টাডি মেটেরিয়ালস ও সাপ্তাহিক টেস্ট। দুর্বল প্রার্থীদের ফিজিক্স, কেমেস্ট্রি, অঙ্ক, ইংরেজি ও মাঠের প্রস্তুতিতে বিশেষ নজরদারি। নিজস্ব হোস্টেলে থাকা-খাওয়ার সুব্যবস্থা। যোগাযোগ : H.O.- ৪৫৪, পি. কে. গুহ রোড, এয়ারপোর্ট গেট নং-১, কল-২৮, ফোন- ৯৮৩৬৬৩৫৫৫৫। রাজারহাট- ৯৮৩১২৩৪২৩৫। গড়িয়া- ৮৪২০৯১৯৭৬৫।



**ITI করুন ট্রাস্টের ডোনেশনে মাত্র Rs. 20000 /**

**Naihati Pvt. ITI-তে**

NCVT স্বীকৃত

Affiliation No. DGT-6/25/10/2015-TC

ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

ফ্রী : Uniform, Bag & Book

L&T ও অন্যান্য কোম্পানিতে চাকরির সুযোগ।

8282824274, 8282983625

Web : www.naihatipvtiti.org



**NCVT অনুমোদিত**

(পশ্চিমবঙ্গ বোর্ড)


**ITI** ফিটার ইলেক্ট্রিশিয়ান

ক্যাম্পাসিং এবং প্লেসমেন্ট, নিজস্ব কলেজ বাস ও হস্টেল, সরকারি স্কলারশিপ, লাইব্রেরি, ব্যাঙ্ক লোন, ক্যান্টিন, ইউনিফর্ম, ইন্ডাস্ট্রিয়াল ট্যুর ও মাসিক মাহিনা

**অরবিন্দ আই.টি.আই**

কল্যাণী, নদীয়া

9007011451 / 457


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইংলিশ

**Direction (Qs. 1–5) :** *In these questions some of the sentences have errors and some have none. Find out which part of a sentence A, B, C has an error and select that part as your answer. If there is no error, then (D) is the answer.*

1. Raja told me that you had left (A)/ the college a year age (B)/ and looking for a job. (C)/ No error (D)
2. He asked me (A)/ if I am ill and (B)/ I answered that I was not. (C)/ No error (D)
3. The extraordinary ability of the satellite to (A)/ see, listen and communicate has made them integral with (B)/ modern warfare and nuclear war strategies in particular. (C)/ No error (D)
4. The closure of the car factory (A)/ had a knock-out effect (B)/ on the tyre manufactures. (C)/ No error (D)
5. She's always (A)/ lamenting the lack of sports facilities (B)/ in town. (C)/ No error (D)

**Direction (Qs. 6–10) :** *Choose the set of words that best fits the meaning of the sentence as a whole.*

6. Because he saw no ........in the task assigned him, he worked at it in a very...... way.
(A) Function — systematic (B) Point — perfunctory
(C) End — rigid (D) Purpose — diligent
7. Although the doctor's words were ......, the patient's family hoped against hope for a .... of the disease.
(A) Disheartening — remission (B) Inaudible — report
(C) Reassuring —transfusion (D) Authoritative —diagnosis
8. There is such a thing as an acquired taste. Westerners who originally ..... a flavour in Indian food eventually come to .....it.
(A) Relish — enjoy (B) Ignore — detest (C) Dislike — welcome (D) Savour — abhor
9. A ......glance pays ....attention to details.
(A) Keen—scanty (B) Cursory—little
(C) Fleeting—vigilant (D) Cryptic— close
10. Surprisingly enough, it is more difficult to write about the .....than about the ....and strange.
(A) Specific — general (B) Abstract — concrete (C) Commonplace —exotic (D) Simple — routine

**Direction (Qs. 11–20) :** *Choose the correct answer.*

11. An adversary is an opponent. Its opposite is
(A) A companion (B) An associate
(C) A proponent (D) An ally
12. To alleviate something is to lessen it. Its opposite is to
(A) Exaggerate (B) Incubate(C) Extricate (D) Aggravate
13. To placate is to soothe. Its opposite is to
(A) Exasperate (B) Make good
(C) Explicate (D) Make amends
14. To disengage is to unfasten. Its opposite is to
(A) Attach (B) Detach
(C) Relieve (D) Achieve
15. Authentic means genuine. Its opposite is
(A) Decrepit (B) Intrepid
(C) Counterfeit (D) Elite
16. A play is made up of acts. A novel is made up of
(A) Pages (B) Chapters (C) Parts (D) Plots
17. Agony is extreme pain. Parsimony is extreme
(A) Avidity (B) Rigidity
(C) Frugality (D) Mutability
18. Funds that are embezzled are appropriated fraudulently. Similarly, writings that are ...... are appropriated fraudulently.
(A) Annoted (B) Extrapolated
(C) Pulverized (D) Plagiarized
19. A red light is to traffic what a tourniquet is to.
(A) Blood (B) Breath(C) Lung (D) Lever
20. A helmet protects the head. A gauntlet protects the
(A) Leg (B) Hand (C) Back (D) Chest

**Direction (Qs. 21–25) :** *In each of these questions, choose the alternative which is nearest in meaning to the word in capital letters.*

21. NASCENT
(A) Incipient (B) Ignorant
(C) Unnamed (D) Treacherous
22. METICULOUS
(A) Steadfast (B) Recent
(C) Painstaking (D) Overt
23. PLAGIARISM
(A) Theft of funds (B) Arson
(C) Ethical theory (D) Theft of ideas
24. BROCHURE
(A) Opening (B) Bureau
(C) Pamphlet (D) Pin
25. ABET
(A) Conceive (B) Wager
(C) Encourage (D) Protect

**Direction (Qs. 26–35) :** *These questions are based upon the following paragraph in which there are some blanks which have been numbered from 26 to 35. The word which can appropriately fill in each blank has been given as one of the four alternatives against the number of the blank below the paragraph. Find the most suitable word in each case.*

India is basically a **(26)** of rural masses. Seventy-four percent of the people live in villages. When one talks of a village it is not just a **(27)** of a few hundred people living together. A village in India used to be an independent socio-economic **(28)** based on a decentralised socio economic system, built not on a **(29)** but a complementary structure. If one studies India's history of the past two hundred and **(30)** years, especially when the British first came, one finds the truth of the statement. The new rulers undid the very **(31)** of rural society because they knew that India could not be **(32)** unless the village **(33)** was completely destroyed. Thus it is that the East India Company introduced **(34)** production into village life and consequently smashed its system of co-operation and **(35)**.

26. (A) Group (B) Actually
(C) Nation (D) Society
27. (A) Cluster (B) Habitation
(C) Combination (D) Sum
28. (A) Individuality (B) Contract
(C) Habitation (D) Entity
29. (A) Political (B) Competitive
(C) Social (D) Co-operative
30. (A) Odd (B) Few
(C) More (D) Sum
31. (A) Thread (B) Texture
(C) Fabric (D) Soul
32. (A) Overcome (B) Obtained
(C) Held (D) Controlled
33. (A) Society (B) Structure
(C) Co-operative (D) Life
34. (A) Centralised (B) Controlled
(C) Wide (D) Unfair
35. (A) Togetherness (B) Competition
(C) Combination (D) Co-ordination

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(C).** এখানে বাক্যটি অতীতকালের ও পরোক্ষ উক্তির। ফলে, looking-এর আগে was বসবে। **2(B).** ওপরের মতো এক্ষেত্রেও বাক্যটি অতীতকালের। ফলে, 'I am looking'এর স্থলে 'I was looking' বসবে। **3(D).** কোনো ভুল নেই। **4(D).** কোনো ভুল নেই। **5(B).** 'Lamenting'এর পর Preposition হিসাবে 'for' বসবে। *6 থেকে 10নং প্রশ্নে দু'টি করে শূন্যস্থান পূরণ করতে হবে।* **6(B). 7(D). 8(C). 9(B). 10(C).** *11 থেকে 20 নং প্রশ্নে বিপরীত শব্দ বের করতে হবে।* **11(D).** Adversary-প্রতিপক্ষ/বিপক্ষ। এর বিপরীত শব্দ হল মিত্র বা, Ally. **12(D).** Alleviate – উপশম/হ্রাস করা। এর বিপরীত শব্দ হল (রোগ) বাড়ানো বা, Aggravate. *এরপর 20নং প্রশ্ন পর্যন্ত প্রতিটি শব্দের অর্থ-সহ শব্দটি দেওয়া আছে, যাতে অর্থবোধক হয় ও তারপর বিপরীত শব্দ বের করতে বলা হয়েছে।* **13(A).** Exasparate – উত্তেজিত করা, Explicate – ব্যাখ্যা/বিবৃত করা। **14(A).** Attach – সংশ্লিষ্ট করা, detach – আলাদা/বিচ্ছিন্ন করা, relieve – উপশম করা, achieve – অর্জন করা। **15(C).** Decrepit – জরাজীর্ণ, intrepid – নির্ভীক/ সাহসী, counterfeit – কপট/মেকি, elite – সেরা দল। **16(B).** নাটকে যেমন বিভিন্ন 'অঙ্ক' থাকে, উপন্যাসে তেমন থাকে 'পরিচ্ছেদ' (chapter)। **17(C).** Parsimony – অতি কৃপণতা। Avidity – অতি লোভ, Rigidity – অনমনীয়, Frugality – মিতব্যয়িতা, Mutability – অস্থিরতা। **18(D).** Embezzle – বিশ্বাসঘাতকতা করে আত্মসাৎ করা। Annotate – টীকা-টিপ্পনি করা, Pulverize – চূর্ণ করা, Plagiarize – অন্যের লেখা থেকে চুরি করা। **19(A).** tourniquet – ক্ষত থেকে রক্ত বন্ধ করার এক ধরনের বাঁধার বস্ত্র। **20(B).** gauntlet – লৌহ দস্তানা। **21(A).** Nascent – জায়মান/বিকাশমান। Incipient – প্রাথমিক, Ignorant – অজ্ঞ, Unnamed – পরিচিতিহীন, Treacherous – বিশ্বাসঘাতক। **22(C).** Meticulous – অত্যন্ত সতর্ক। Stead fast – দৃঢ়, Recent – সাম্প্রতিক, Painstaking – অত্যন্ত যত্নশীল, Overt – প্রকাশ্য। **23(D).** Plagiarism – অন্যের লেখা থেকে চুরি। Arson – অনিষ্ট করার উদ্দেশ্যে অন্যের গৃহদাহ। **24(C).** Brochure – ক্ষুদ্র পুস্তক/ পুস্তিকা। **25(C).** Abet – উত্তেজিত করা, Conceive – ভাবা/কল্পনা করা, Wager – বাজি ধরা, Encourge – উৎসাহিত করা, Protect – রক্ষা করা। **26(C). 27(C). 28(D). 29(B). 30(C). 31(A). 32(A). 33(C). 34(D). 35(D).**

Admission Going On
Placement Assistant
Approved by the Govt. of India
■ Diploma in Aviation & Hospitality Management (1 Year) • Per month 6,000/
■ Diploma in Hotel Management & Tourism (2 Years). • Per month 4,000/-
Last Date : 31.10.2019 • Eligibility: 10 + 2 above
ST. HELEN INSTITUTION (SHI)
396/4A, N.S.C. Bose Road, Kolkata - 700 047, Garia Raifstala, Near Gitanjali Metro
Phone: 033-40043921, 9831075678
Web: www.stheleninstitution.com

নার্সিং জয়েন্ট
জেনপা-২০২০/২১
স্পেশাল প্রশিক্ষণ ও সরকারি কলেজে চান্স।
Head : Dr. R. Sahani (M.D.)
2019 জেনপাতে আমাদের যে 17 জন 100 এর মধ্যে Rank করেছে তারা A.O.I সংগ্রহ করো।
Medi Guide
বেলঘরিয়া । বারাসাত । গড়িয়া
কল্যাণী । হাওড়া । বর্ধমান
ভর্তি চলছে : 7044647798

চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব ??

• চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।
• প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।
• এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সাফল্য সাফল্য পত্রিকা দুটি।
• এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।
• একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।


মহঃ আলাউদ্দিন
নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা পান বিক্রি করেন। মা বিড়ি কর্মী। আর্থিক অস্বচ্ছলতার মধ্যে পড়াশোনা করেছি। ছোট থেকেই আমার স্বপ্ন ছিল শিক্ষক হওয়ার। কিন্তু কোনো কোচিং সেন্টারে ভর্তি হওয়ার পয়সা ছিল না। প্রস্তুতির জন্য নিয়মিত পড়তাম 'সাফল্য'। মনের জোর আর সাফল্য পত্রিকার ওপর ভরসা করেই ২০১৯ সালে জানুয়ারি মাসে ঝাড়খণ্ডের বড়ুয়া হিবালপুর উচ্চ বিদ্যালয়ে সহশিক্ষক পদে চাকরি পাই।


সুমন সরকার
নদিয়া জেলার হরিণঘাটা ব্লকের মহাদেবপুর গ্রামের ছেলে আমি। বাবা কাঠের মিস্ত্রীর কাজ করে আমাদের দু'ভাইকে লেখাপড়া শিখিয়েছেন। ২০১৬ সালে ডিপ্লোমা কোর্স পাশ করি। গত বছর WBSEDCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা দেই। প্রস্তুতি হিসাবে বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই-এর সাথে 'সাফল্য' পত্রিকা পড়েছিলাম। এখন চাকরি পেয়ে মুর্শিদাবাদের একটি সাব-স্টেশনে যোগ দিয়েছি।


অনিমেষ বিশ্বাস
নদিয়া জেলার কালীনাথপুর গ্রামের এক কৃষক পরিবারের ছেলে আমি। বাবা চাষবাসের কাজ করেন। গ্রুপ স্টাডি, বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই আর সাফল্য পত্রিকাই ছিল আমার স্টাডি মেটেরিয়াল। WBSETCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার হিসাবে কুলি জিআইএস সাবস্টেশনে এখন কর্মরত।

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## ম্যাঙ্গালোর রিফাইনারিতে ২১১

১ পাতার পর

ওড়িশা ১৮, ওবিসি [illegible])।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি (মেকানিক্যাল)** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৭টি (জেনা ১১, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তপজা ৪, তপউপজা ২)।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি (ইলেক্ট্রিক্যাল)** : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : [illegible]টি (জেনা ১৪, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১০, তপজা ৫, তপউপজা [illegible])।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি (ইন্সট্রুমেন্টেশন)** : ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৫টি (জেনা ১০, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৭, তপজা ৪, তপউপজা ২)।

**জুনিয়র কেমিস্ট ট্রেনি** : কেমিস্ট্রি, অ্যানালিটিক্যাল কেমিস্ট্রি, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি, পলিমার কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড কেমিস্ট্রির বি.এসসি. কোর্স কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৬টি (জেনা ২, ও.বি.সি. ১, তপজা ২, তপউপজা ১)।

**ট্রেনি অ্যাসিস্ট্যান্ট (মেটেরিয়ালস)** : আর্টস, সায়েন্স, কমার্স শাখার গ্র্যাজুয়েট, বি.বি.এ., বি.সি.এ., বি.বি.এম. কোর্স পাশ কিংবা ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৪টি (জেনা ২, তপজা ১, তপউপজা )।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৯-১১-২০১৯'এর হিসাবে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রথমে ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন মাসে [illegible] টাকা। সফল হলে মূল মাইনে : [illegible] টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। এরপর হবে স্কিল টেস্ট, ফিজিক্যাল টেস্ট। লিখিত পরীক্ষায় ১২০ নম্বরের ১২০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাপটিটিউড ৪০ নম্বর, সংশ্লিষ্ট শাখার ওপর ৮০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। লিখিত পরীক্ষায় ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেলে সফল হবেন। লিখিত পরীক্ষা হবে কর্ণাটকে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : [illegible] একটা বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো [illegible] কিলোবাইট মাপে, সিগনেচার [illegible] কিলোবাইট মাপে, কাস্ট সার্টিফিকেট জে.পি.ই.জি. ফর্মাটে স্ক্যান করে নেবেন। তখন ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে অনলাইনে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন কিংবা স্টেট ব্যাঙ্কের ই-চালানে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## দিল্লি পুলিশে ৫৫৪

১ পাতার পর

হবে না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮২ সেমি। তপশিলী উপজাতি ও পার্বত্য এলাকার বাসিন্দারা বুকের মাপে ৫ সেমি ছাড় পাবেন। শরীরের মাপজোখ হবে হবে মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ (তপশিলী ও পার্বত্য এলাকার প্রার্থীদের বেলায় ১৫৫) সেমি। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দু'চোখে ৬/১২। ভালো স্বাস্থ্য ও রোগমুক্ত শরীর থাকতে হবে। শরীরে কোনো কঠিন রোগ থাকলে চলবে না।

মূল মাইনে : [illegible] টাকা। শূন্যপদ : ৫৫৪টি। এর মধ্যে ছেলে ৩৭২টি (জেনা ১৫০, ও.বি.সি. ৮৬, তপজা ২৬, তপউপজা ৩৩, ই.ডব্লু.এস. ৩৭)। মহিলাদের শূন্যপদ ১৮২টি (জেনা ৬৬, ও.বি.সি. ৪২, তপজা ২৭, তপউপজা ২৬, ই.ডব্লু.এস. ১৮)।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা, শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা, কম্পিউটার টাইপিং ও কম্পিউটার টেস্ট হবে। কম্পিউটার বেসড টেস্টে অবজেক্টিভ টাইপের ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস-২০ নম্বর, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -২০ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স - ২৫ নম্বর, (৪) ইংলিশ ল্যাঙ্গুয়েজ - ২৫ নম্বর, (৫) কম্পিউটার ফান্ডামেন্টাল, এক্সেল, ওয়ার্ড, কমিউনিকেশন, ইন্টারনেট -১০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে ৯০ মিনিট।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছেলেদের বেলায় থাকবে — ৩০ বছর বয়স পর্যন্ত ছেলেদের বেলায় ৭ মিনিটে ১৬০০ মিটার দৌড়, সাড়ে ১২ ফুট লং জাম্প, সাড়ে ৩ ফুট হাই জাম্প। ৩১ থেকে ৪০ বছর বয়স পর্যন্ত ছেলেদের বেলায় থাকবে ৮ মিনিটে ১৬০০ মিটার দৌড়, সাড়ে ১১ ফুট লং জাম্প, ৩ ফুট ৩ ইঞ্চি হাই জাম্প। ৪০ বছরের বেশি বয়স পর্যন্ত ছেলেদের বেলায় থাকবে ৯ মিনিটে ১৬০০ মিটার দৌড়, সাড়ে ১০ ফুট লং জাম্প, ৩ ফুট হাই জাম্প।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় মেয়েদের বেলায় থাকবে — ৩০ বছর বয়স পর্যন্ত মেয়েদের বেলায় ৫ মিনিটে ৮০০ মিটার দৌড়, ৯ ফুট লং জাম্প, ৩ ফুট হাই জাম্প। ৩১ থেকে ৪০ বছর বয়স পর্যন্ত মেয়েদের বেলায় থাকবে ৬ মিনিটে ৮০০ মিটার দৌড়, ৮ ফুট লং জাম্প, আড়াই ফুট হাই জাম্প। দৌড়ে সফল হলে তবেই লং জাম্প ও হাই জাম্পের পরীক্ষা হবে। ৪০ বছরের বেশি বয়স পর্যন্ত মেয়েদের বেলায় থাকবে ৭ মিনিটে ৮০০ মিটার দৌড়, ৭ ফুট লং জাম্প, ২ ফুট ৩ ইঞ্চি হাই জাম্প।

এরপর টাইপিং টেস্টে থাকবে ২৫ নম্বর। তারপর কম্পিউটার টেস্ট হবে। এই পরীক্ষা সংক্রান্ত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.delhipolice.nic.in এই পরীক্ষার কল লেটার দিল্লি পুলিশের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ অক্টোবর থেকে ১৩ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://delhipolice.nic.in অনলাইনে দরখাস্ত করতে হলে প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে প্রার্থীর নাম, সেন্টার কোড, বয়স, ঠিকানা, ক্যাটেগরি ইত্যাদি টিকচিহ্ন দিয়ে Continue করলে আর পরের পৃষ্ঠায় শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন রেজিস্ট্রেশন আই.ডি. ও পাসওয়ার্ড পাবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে দিতে পারবেন। টাকা এস.বি.আই. চালানেও দিতে পারবেন। তখন চালান ওয়েবসাইট থেকে প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী'র টাকা স্টেট ব্যাঙ্কের যেকোনো শাখায় নগদে জমা দেবেন। সব ক্ষেত্রেই মহিলা, তপশিলী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। প্রতিবন্ধীরা আবেদন করতে পারবেন না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

## স্বাস্থ্য দফতরে ৭০ ফার্মাসিস্ট

১ পাতার পর

উচ্চমাধ্যমিক পাশরা ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৩৯ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : [illegible] টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ৬১টি (জেনা ৩০, তপজা ১৯, তপউপজা ৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৫, প্রতিবন্ধী ২)। এই পদের বিজ্ঞপ্তি নং : R/Phar. / 74(1)/1/2019.

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট** : [illegible] এর বি.টেক. কোর্স পাশরা যোগ্য। কেমিস্ট্রির বি.এসসি. অনার্স কোর্স পাশরা [illegible] ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। সেক্ষেত্রে [illegible] বিষয় হিসাবে থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৩৯ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : [illegible] টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ : ৯টি (জেনা ২, তপজা ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : R/Lab. Asstt. 9/73(1)/2019.

প্রার্থী বাছাইয়ের জন্য মেধা তালিকা তৈরি হবে। মেধা তালিকা তৈরির সময় শিক্ষাগত যোগ্যতার পাওয়া নম্বর দেখা হবে। [illegible]

দরখাস্ত করবেন অনলাইনে [illegible] এই ওয়েবসাইটে : [illegible] একটা বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। [illegible] পরীক্ষা ফী বাবদ ১৬০ টাকা অনলাইনে জমা দেবেন এই সিস্টেমে : GRIPS (Govt. Receipt Portal System), Govt. of West Bengal under Head of Account 0051-00-104-002-16. টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটেই পাবেন।


পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম

তপশিলী জাতি ও আদিবাসী যুবক/ যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনা ব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ

9836050796, 9836724222

Simoco Educational Trust


১ বছরের পথ্য ও সরকার অনুমোদিত কাউন্সিলের

যোগ ও ন্যাচারোপ্যাথি

কোর্সে ভর্তি চলছে

শান্তিদেবী বিদ্যানিকেতন

9733638357


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।**

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। রসের উৎস্রোত সংক্রান্ত 'অধিপ্রাণ মতবাদ' কোন বিজ্ঞানীর প্রবর্তন — জগদীশচন্দ্র বসু।

২। অক্সিজেনমিশ্রিত রক্ত হৃদপিণ্ডের কোথায় থাকে — বাম অলিন্দে।

৩। হিলবিক্রিয়া বা, 'ফটোলাইসিস'



প্রক্রিয়াটি কে সর্বপ্রথম পর্যবেক্ষণ করেন — রোবিন হিল।

৪। পোলিও ভাইরাস মানুষের দেহে কীভাবে প্রবেশ করে — দূষিত খাদ্য ও জলের মাধ্যমে।

৫। কোন প্রাণীর দেহে অন্তঃকোশীয় পরিপাক দেখা যায় — স্পঞ্জ।

### পদার্থবিদ্যা

৬। পেরেকের ওপর হাতুড়ি মারা কোন বলের উদাহরণ — ঘাত বলের।

৭। জলপূর্ণ বিকারে ভাসমান একখণ্ড বঁরফ গলে গেলে বিকারের জলতলের কী বদল হবে — নিচে নেমে যাবে।

৮। কোন পদার্থের ওপর আলো পড়লে রোধ কমে যায় — সেলেনিয়াম।

৯। অস্বচ্ছ বস্তুতে কীভাবে রং দেখা যায় — প্রতিফলন।

১০। দূরত্বের সবচেয়ে বড় একক কী — পারসেক।

### রসায়ন

১১। বেঞ্জিনের বাণিজ্যিক নাম কী — বেঞ্জল।

১২। পেট্রোলের রাসায়নিক নাম কী — গ্যাসোলিন।

১৩। কয়লার অসম্পূর্ণ দহনে কী তৈরি হয় — কার্বন মনোক্সাইড।

১৪। সোনার অলঙ্কার তৈরির সময় সোনার সঙ্গে খাদ হিসাবে কী মেশানো হয় — তামা।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৫। জলধর সেন ও দীনেন্দ্রকুমার রায়, কোন পত্রিকা সম্পাদনার সঙ্গে যুক্ত — বসুমতী।

১৬। লর্ড ওয়েলেসলি প্রবর্তিত 'অধীনতামূলক মিত্রতা নীতি' প্রথম গ্রহণ করেন কে — হায়দরাবাদের নিজাম।

১৭। ১৭৬৪ সালে 'বক্সারের যুদ্ধ'এ ইংরেজদের প্রতিপক্ষ ছিলেন কারা — শাহ আলম ও নবাব সুজাউদ্দৌল্লা।

১৮। শিবাজীর প্রধানমন্ত্রীর নাম কী ছিল — পেশবা।

১৯। কোন মোগল সম্রাট নবম গুরু তেগবাহাদুরকে হত্যা করেন — ঔরঙ্গজেব।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২০। কবে ব্রিটিশ সরকার জন সাইমনের নেতৃত্বে একটি কমিশন নিয়োগ করে — ১৯২৭ সাল।

২১। গৌতমবুদ্ধের জন্মস্থান কোথায় — কপিলা বস্তুর কাছে লুম্বিনী উদ্যান।

২২। গৌতমবুদ্ধের প্রথম গুরু কে ছিলেন — আলারাকালামা।

২৩। চন্দ্রগুপ্ত মৌর্য কাকে বিবাহ করেন — সেলুকাস কন্যা হেলেন।

২৪। বল্লাল সেনের পুত্র লক্ষ্মণ সেন যখন সিংহাসনে বসেন, তখন বাংলার রাজধানী কোথায় ছিল — নবদ্বীপ।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৫। ভারতের 'উট গবেষণাগার' কোথায় আছে — রাজস্থানের বিকানের।

২৬। 'পামির মালভূমি' ভারতের কোন



দিকে রয়েছে — উত্তর -পশ্চিম দিকে।

২৭। তিন দিক জল দিয়ে বেষ্টিত থাকায় ভারতকে কী বলে — উপদ্বীপ।

২৮। মালদহ জেলার প্রাচীন পলিগঠিত সমভূমির নাম কী — বরেন্দ্রভূমি বা, বারিন্দ অঞ্চল।

২৯। পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জের ক্রান্তীয় ঘূর্ণাবর্তকে কী বলে — হ্যারিকেন।

### আন্তর্জাতিক ভূগোল

৩০। কোন নদীর নাম অনুসারে নদী বাঁককে 'মিয়েন্ডার' বলে — তুরস্কের মিয়েন্ড্রাস।

৩১। ব্রাজিল মালভূমি ও আন্দিজ পর্বতের মধ্যে সংযোগরক্ষাকারী মালভূমির নাম কী — মতোগ্রাসো।

৩২। 'হোয়াইট নীল'এর অন্য নাম কী — বার-এল-গজল।

৩৩। ভিক্টোরিয়া জলপ্রপাতটি কোন গতিপথে অবস্থিত - জাম্বেসি নদী।

৩৪। 'ল্যাপ উপজাতি'দের বাসস্থান কোথায় — ইউরোপের তুন্দ্রা অঞ্চলে।

## রাষ্ট্রনীতি

৩৫। কে, ভারতের মুখ্য নির্বাচন কমিশনারকে পদচ্যুত করেন — ভারতের রাষ্ট্রপতি।

৩৬। ভারতে কার তত্ত্বাবধানে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় — নির্বাচন কমিশনারের তত্ত্বাবধানে।

৩৭। মৃত্যুদণ্ড প্রাপ্ত কোনো ব্যক্তির মৃত্যুদণ্ড রদ করতে পারেন কে — রাষ্ট্রপতি।

৩৮। কোনো রাজ্যের সর্বোচ্চ আদালতের নাম কী — হাই কোর্ট বা, মহাধর্মাধিকরণ।

৩৯। ত্রিপুরার আইনসভার নাম কী — বিধানসভা।

৪০। উচ্চপদস্থ সরকারি কর্মচারীরা কী নামে পরিচিত — আমলা।

৪১। বিধান পরিষদের সভাপতিকে কী বলে — চেয়ারম্যান।

## অর্থনীতি

৪২। 'ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড'এর (IMF) প্রধানের পদে সম্প্রতি কে



নির্বাচিত হয়েছেন — বুলগেরিয়ান অর্থনীতিবিদ ক্রিস্টালিনা জর্জিয়েভা।

৪৩। ডব্লুপিপি ও কান্তার'এর তরফ থেকে প্রকাশিত, 'ইন্ডিয়া'স মোস্ট ভ্যালুয়েবল ব্র্যান্ড র‍্যাঙ্কিং' অনুযায়ী, কোন সংস্থা প্রথম স্থানে আছে — এইচডিএফসি ব্যাঙ্ক।

৪৪। ই-কমার্স সংস্থা 'eBay'র প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার সম্প্রতি পদত্যাগ করলেন। তাঁর নাম কী — ডেভিন ওয়েনিগ।

৪৫। গুরু নানক দেবের ৫৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে, কোন দেশের সেন্ট্রাল ব্যাঙ্ক সম্প্রতি শিখ প্রতীক যুক্ত ৩টি (১০০, ১,০০০ ও ২,৫০০) মুদ্রার প্রকাশ করেছে — নেপাল।

## সাম্প্রতিক ঘটনা

৪৬। অরুণাচল প্রদেশের প্রথম মহিলা লেফটেন্যান্ট কর্ণেল কে — পোনুং ডমিং।

৪৭। ভারতের কোন শহরে সম্প্রতি 'মুখ্যমন্ত্রী স্ট্রিট লাইট যোজনা'র ঘোষণা করা হয়েছে — দিল্লি (এই যোজনার আওতায় ২:১ লাখ স্ট্রিট লাইট লাগানো হবে)।

৪৮। 'আই.আই.টি দিল্লি'র তরফ থেকে কে সম্প্রতি 'ডিস্টিঙ্গুইশড অ্যালুমনি



অ্যাওয়ার্ড' পেলেন — 'ফ্লিপকার্ট'এর সহ প্রতিষ্ঠাতা বিন্নি বনশল।

৪৯। জাতীয় ঐক্য ও সংহতি রক্ষায় অবদানকারীদের সম্মান জানাতে, সম্প্রতি সর্দার বল্লভভাই প্যাটেলের নামে পুরস্কার চালু করল কেন্দ্রীয় সরকার। পুরস্কারটির নাম কী — সর্দার প্যাটেল ন্যাশনাল ইউনিটি অ্যাওয়ার্ড।

৫০। ২০১৯ সালে রাষ্ট্রসঙ্ঘের 'ক্লাইমেট অ্যাকশন সামিট' বিশ্বের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — নিউইয়র্ক।

৫১। ২০১৯ সালে পঞ্চম 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সায়েন্স ফেস্টিভ্যাল' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — কলকাতা।

৫২। ভারতের কোন রাজ্য প্রথম 'আয়ুষ্মান ভারত' প্রকল্পে সবথেকে বেশি গোল্ডেন কার্ড ইস্যু করেছে — জম্মু ও কাশ্মীর (এই প্রকল্পটি চালু হওয়ার ৯০ দিনের মধ্যে ১১ লাখেরও বেশি গোল্ডেন কার্ড ইস্যু করা হয়েছে)।

৫৩। ভারতের দ্বিতীয় বৃহত্তম রেলওয়ে ওভারব্রিজ কোন রাজ্যে তৈরি হয়েছে — পশ্চিমবঙ্গ (বর্ধমানে এটির উদ্বোধন করেছেন কেন্দ্রীয় রেলমন্ত্রী পীযূস গোয়েল)।

৫৪। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি তিন তলাক পীড়িত মহিলাদের জন্য বার্ষিক ৬,০০০ টাকা আর্থিক সাহায্য ঘোষণা করেছে — উত্তর প্রদেশ।

৫৫। কোন দেশ সম্প্রতি সফলভাবে বিশ্বের বৃহত্তম ট্রান্সপোর্ট স্পেসশিপ 'Kounotori8' চালু করেছে — জাপান।

৫৬। রোহিঙ্গা শরণার্থীদের প্রত্যাবাসন করার জন্য, সম্প্রতি কোন ৩ দেশ একসঙ্গে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে — বাংলাদেশ, চিন ও মায়ানমার।

৫৭। 'বিশ্ব পর্যটন দিবস' কবে পালিত হয় — ২৭ সেপ্টেম্বর।

৫৮। ২০১৯ সালে 'বিশ্ব পর্যটন দিবস'এর থিম কী ছিল — ট্যুরিজম অ্যান্ড জবস : এ বেটার ফিউচার ফর অল।

৫৯। 'চিফস অফ স্টাফ কমিটি'র (COSC) চেয়ারম্যান এখন কে — বিপিন রাওয়াত।

৬০। 'Reset : Regaining India's Economic Legacy' বইটির লেখক কে — সুব্রমনিয়ান স্বামী।

৬১। ফ্রান্সের প্রাক্তন প্রেসিডেন্ট জ্যাকোয়েস রেনে শিরাক (৮৬ বছর) কবে মারা যান — ২০১৯ সালের ২৬ সেপ্টেম্বর।

৬২। রাজস্থানের প্রত্যন্ত গ্রামে বাল্যবিবাহের বিরুদ্ধে লড়াইয়ের জন্য, ২০১৯ সালে 'বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন'এর তরফ থেকে কে নিউইয়র্কে 'গোলকিপারস গ্লোবাল গোলস'এর অনুষ্ঠানে 'চেঞ্জমেকার' পুরস্কার পেলেন — পায়েল জাঙ্গিড়।

৬৩। গিনি বিসাউ প্রজাতন্ত্রে, ভারতের রাষ্ট্রদূত কে হতে চলেছেন — গোদাভার্থি ভেঙ্কটা শ্রীনিবাস।

৬৪। আয়ুশ মন্ত্রক সম্প্রতি নয়াদিল্লিতে একটি কমিক বুক সিরিজ প্রকাশ করেছে। এটির নাম কী — প্রফেসর আয়ুষ্মান (এই বইটি শিশুদের মধ্যে ঔষধি গাছের গুরুত্ব ও তার ব্যবহার সম্পর্কে সচেতনতা বাড়িয়ে তুলবে)।

৬৫। 'বিশ্ব সমুদ্র দিবস' কবে পালিত হয় — ২৭ সেপ্টেম্বর।

৬৬। ২০১৯ সালে 'বিশ্ব সমুদ্র দিবস'এর থিম কী ছিল — এমপাওয়ারিং উওমেন ইন দ্য মেরিটাইম কমিউনিটি।

৬৭। ২০১৭-'১৮ সালের 'ন্যাশনাল ট্যুরিজম অ্যাওয়ার্ডস'এ ভারতের কোন রাজ্য সর্বোচ্চ সম্মান পেল — আন্ধ্রা প্রদেশ।

৬৮। পুষ্টি সচেতনতার জন্য ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'টিক্কি



মাউসি' নামে ম্যাসকট প্রকাশ করেছে — ওড়িশা।

৬৯। কোন আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রতি 'ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড ফর প্যাসেঞ্জার স্যাটিসফ্যাকশন' পুরস্কার পেল — কোচির আন্তর্জাতিক বিমানবন্দর।

৭০। ২০১৯ সালে 'ওয়ার্ল্ড ডিজিটাল কম্পিটিটিভনেস র‍্যাঙ্কিং'এ ভারতের স্থান কত — ৪৪ (এই র‍্যাঙ্কিংয়ে প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র)।

৭১। কে সম্প্রতি ২০১৮ সালের 'সরস্বতী সম্মান' পেলেন — তেলুগু কবি ড. কে সিভা রেড্ডি (তাঁর তেলুগু কবিতা সংগ্রহ 'পাক্কাকি ওত্তিগিলিতে'র জন্য)।

৭২। ২০১৯ সালে ভারতের কোন শহরে 'ওয়ার্ল্ড হিন্দু ইকোনমিক ফোরাম' (WHEF) অনুষ্ঠিত হয়েছে — মুম্বই।

৭৩। বায়ুদূষণ রোধ করার জন্য, ভারতের প্রথম 'এমিশন ট্রেডিং স্কিম' কোন রাজ্য সরকার চালু করেছে — গুজরাত।

৭৪। 'বাথুকাম্মা উৎসব' ভারতের কোন রাজ্যে অনুষ্ঠিত হয়েছে — তেলেঙ্গানা।

৭৫। 'বিশ্ব হার্ট দিবস' কবে পালিত হয় — ২৯ সেপ্টেম্বর।

৭৬। নিউইয়র্কে 'রাষ্ট্রসঙ্ঘ'এর সদর কার্যালয়ে সম্প্রতি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী যে ৫০ কিলোওয়াটের 'সোলার পার্ক'টি উদ্বোধন করেছেন, সেটির নাম কী — গান্ধী সোলার পার্ক।

৭৭। 'ইকোনমিক অ্যাডভাইজরি কাউন্সিল টু দ্য প্রাইম মিনিস্টার'এর (EAC-PM) চেয়ারম্যান এখন কে — বিবেক দেবরায়।

৭৮। কোন সংস্থা সম্প্রতি রাষ্ট্রসঙ্ঘের 'গ্লোবাল ক্লাইমেট অ্যাকশন অ্যাওয়ার্ড' পেল — ইনফোসিস ('ক্লাইমেট নিউট্রাল নাউ' বিভাগে এই অ্যাওয়ার্ড পেয়েছে 'ইনফোসিস')।

৭৯। কে সম্প্রতি ভারতের প্রথম 'হাই টেম্পারেচার ফুয়েল সেল সিস্টেম' উদ্বোধন করেছেন — ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ।

## খেলাধূলা

৮০। রাহুল আওয়ারে কোন খেলার সঙ্গে যুক্ত — কুস্তি।

৮১। ২০১৯ সালে মহিলা জাতীয় ফুটবলে কোন দল চ্যাম্পিয়ন হল — মণিপুর (রেলওয়েজকে ১-০ গোলে হারিয়ে)।

৮২। ২০১৯ সালে এশীয় সাঁতারে ৪০০ মিটার মেডলি রিলেতে কোন দেশ সোনার পদক পেল — ভারত।

৮৩। 'ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ অ্যাথলেটিক্স ফেডারেশনস'এর (IAAF) প্রেসিডেন্ট এখন কে — সেবাস্তিয়ান কোয়ে।

৮৪। ইংল্যান্ডের মহিলা ক্রিকেট দলের কোন উইকেটকিপার সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন — সারা টেলর।

৮৫। হায়দরাবাদ ক্রিকেট সংস্থার সভাপতি এখন কে — ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক মুহাম্মদ আজহারউদ্দিন।

৮৬। কুস্তিতে ৮৬ কেজি বিভাগে বিশ্ব ক্রমতালিকায় কে সম্প্রতি ১ নম্বরে চলে এলেন — ভারতের দীপক পুনিয়া।

৮৭। ২০১৯ সালে মলদ্বীপ ইন্টারন্যাশনাল ফিউচার সিরিজ



ব্যাডমিন্টনে মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ভারতীয় তরুণী মালবিকা বনসর।

৮৮। ২০১৯ সালে কে মায়ানমারে অনুষ্ঠিত 'আই.বি.এস.এফ ওয়ার্ল্ড সিক্সরেডস খেতাব' জিতলেন — ভারতের লক্ষ্মণ রাওয়াত (পাক-ই-স্তানের মুহাম্মদ আসিফকে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## উত্তর-পূর্ব সীমান্ত রেলের

১ পাতার পর

(ii) ফিটার : 33 (UR : 18, OBC : 10, ST : 05), (iii) ইলেক্ট্রিশিয়ান : 105 (UR : 63, OBC : 27, SC : 05, ST : 10), (iv) রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক : 11 (UR : 06, OBC : 03, SC : 01, ST : 01), (v) লাইনম্যান : 28 (UR : 15, OBC : 08, SC : 03, ST : 02), (vi) কার্পেন্টার : 42 (UR : 22, OBC : 12, SC : 05, ST : 03), (vii) ম্যাসন : 85 (UR : 43, OBC : 23, SC : 13, ST : 06), (viii) পেইন্টার : 70 (UR : 35, OBC : 19, SC : 11, ST : 05), (ix) ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স : 49 (UR : 25, OBC : 14, SC : 06, ST : 04).

শূন্যপদ : রঙ্গিয়া ডিভিশনে —৩২৮টি। এর মধ্যে (i) ওয়েল্ডার : 20 (UR : 10, OBC : 04, SC : 04, ST : 02), (ii) ফিটার : 55 (UR : 33, OBC : 06, SC : 14, ST : 02), (iii) ইলেক্ট্রিশিয়ান : 77 (UR : 40, OBC : 17, SC : 18, ST : 02), (iv) লাইনম্যান : 25 (UR : 13, OBC : 05, SC : 05, ST : 02), (v) ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স : 39 (UR : 21, OBC : 09, SC : 07, ST : 02), (vii) ম্যাসন : 112 (UR : 57, OBC : 31, SC : 17, ST : 07).

শূন্যপদ : লামডিং ডিভিশনে — ১০০৪টি। এর মধ্যে (i) মেশিনিস্ট : 54 (UR : 29, OBC : 15, SC : 08, ST : 02), (ii) ওয়েল্ডার : 69 (UR : 38, OBC : 16, SC : 10, ST : 05), (iii) ফিটার : 272 (UR : 148, OBC : 66, SC : 41, ST : 17), (iv) ডিজেল মেকানিক : 29 (UR : 20, SC : 09), (v) ইলেক্ট্রিশিয়ান : 201 (UR : 103, OBC : 56, SC : 29, ST : 13), (vi) রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক : 31 (UR : 16, OBC : 07, SC : 05, ST : 03), (vii) লাইনম্যান : 20 (UR : 11, OBC : 04, SC : 03, ST : 02), (viii) কার্পেন্টার : 32 (UR : 16, OBC : 09, SC : 05, ST : 02), (ix) পেইন্টার : 85 (UR : 43, OBC : 23, SC : 13, ST : 06), (x) ম্যাসন : 128 (UR : 64, OBC : 35, SC : 20, ST : 09).

শূন্যপদ : তিনসুকিয়া ডিভিশনে — ৩৩১টি। এর মধ্যে (i) মেশিনিস্ট : 02 (SC), (ii) ওয়েল্ডার : 25 (UR : 18, OBC : 02, SC : 05), (iii) ফিটার : 134 (UR : 72, OBC : 32, SC : 19, ST : 11), (iv) ইলেক্ট্রিশিয়ান : 81 (UR : 50, OBC : 14, SC : 15, ST : 02), (v) রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক : 28 (UR : 13, OBC : 08, SC : 05, ST : 02), (vi) লাইনম্যান : 18 (UR : 11, OBC : 03, SC : 03, ST : 01), (vii) ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স : 43 (UR : 21, OBC : 12, SC : 06, St : 04).

শূন্যপদ : নিউ বঙ্গাইগাঁও ওয়ার্কশপে —১৫৬টি আর ই.ডব্লু.এস./বি.এল.জি.ইন. ১৮৫টি। এর মধ্যে (i) মেশিনিস্ট : 48 (UR : 19, OBC : 16, SC : 09, ST : 04), (ii) ওয়েল্ডার : 120 (UR : 55, OBC : 36, SC : 19, ST : 10), (iii) কার্পেন্টার : 09 (UR : 05, OBC : 02, SC : 01, ST : 01), (iv) ফিটার : 45 (UR : 07, OBC : 20, SC : 12, ST : 06), (v) ইলেক্ট্রিশিয়ান : 18 (OBC : 08, SC : 07, ST : 03), (vi) পেইন্টার : 09 (UR : 05, OBC : 02, SC : 01, ST : 01), (vii) টার্নার : 03 (OBC : 02, SC : 01), (viii) রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক : 10 (UR : 05, OBC : 02, SC : 02, ST : 01), (ix) ফিটার স্ট্রাকচারাল : 40 (UR : 20, OBC : 11, SC : 06, ST : 03), (x) মেশিনিস্ট গ্রাইন্ডার : 30 (UR : 15, OBC : 08, SC : 05, ST : 02), (xi) ডিজেল মেকানিক : 09 (OBC : 06, SC : 02, ST : 01).

শূন্যপদ : ডিব্রুগড় ওয়ার্কশপে —১৪৯টি। এর মধ্যে (i) মেশিনিস্ট : 10 (UR : 05, OBC : 02, SC : 02, ST : 01), (ii) ওয়েল্ডার : 36 (UR : 25, OBC : 06, SC : 03, ST : 02), (iii) ফিটার : 40 (UR : 25, OBC : 08, SC : 07), (iv) কার্পেন্টার : 12 (UR : 06, OBC : 03, SC : 02, ST : 01), (v) ইলেক্ট্রিশিয়ান : 25 (UR : 16, OBC : 05, SC : 02, ST : 02), (vi) পেইন্টার : 13 (UR : 07, OBC : 03, SC : 02, ST : 01), (vii) টার্নার : 01 (SC), (viii) রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক : 12 (UR : 06, OBC : 03, SC : 02, ST : 01). এই পদের বিজ্ঞপ্তি নং : NF/ACT Apprentices/01/2019 (Shortfall of 2018).

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন মাসে ৬,৯৫০ টাকা। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই।

মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে মোট শূন্যপদের দেড় গুণ প্রার্থীকে সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে। তারপর মেধা তালিকা তৈরি হবে। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা। এই পদের বেলায় কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না।

দরখাস্ত করবেন সাধারণ 'A-4' মাপের কাগজে, নির্দিষ্ট বয়ান আলাদা কাগজে টাইপিং করার পর নিজে হাতে বল পয়েন্ট পেনে পূরণ করে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.nfr.indianrailways.gov.in তখন সঙ্গে দেবেন : (১) মাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) আই.টি.আই. পাশের সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৩) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) তপশিলী, ও.বি.সি.'রা দেবেন কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৫) প্রাক্তন সমরকর্মীদের বেলায় ডিসচার্জ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৬) প্রতিবন্ধীরা দেবেন যথাবিহীত সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৭) নিজের নাম-ঠিকানা লেখা ও ৫ টাকার ডাকটিকিট সাঁটা ১০×৫ ইঞ্চি মাপের খাম (তপশিলীদের ডাকটিকিট ছাড়া), (৮) এখনকার তোলা ও নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তে ও আরেক কপি কল লেটারের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (৯) ১০০ টাকার ক্রসড পোস্টাল অর্ডার বা, ডিমান্ড ড্রাফট। পোস্টাল অর্ডার করবেন 'Principal Financial Adviser, N.F. Railway, Maligaon'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'GPO / Guwahati'. ড্রাফট করাবেন এই শিরোণামে 'F.A. & C.A.O., N.F. Railway'এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'SBI/Maligaon Branch'.

তপশিলী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সই করবেন ও দরখাস্তের নির্দিষ্ট জায়গায় ছাপার কালো কালিতে বুড়ো আঙুলের ছাপ দেবেন (অন্য কোনো কালিতে ছাপ দিলে দরখাস্ত বাতিল হবে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for engagement as Act Apprentices & Designated trades applied for............ and................ Division / Workshop'. দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে। পূরণ-করা দরখাস্ত পৌঁছনো চাই ৩১ অক্টোবরের মধ্যে। যে ডিভিশন / ওয়ার্কশপের জন্য দরখাস্ত করবেন, সেই ডিভিশন / ওয়ার্কশপের ঠিকানায় দরখাস্ত পাঠাবেন। আলিপুরদুয়ার ডিভিশনের দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Divisoonal Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager(P), P.O. Alipurduar Junction, Dist. Alipurduar, West Bengal – 736 123.

রঙ্গিয়া ডিভিশনের বেলায় দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Senior Personnel Officer, Office of the Divisional Railway Manager(P), N.F. Railway, Rangia, P.O. Rangia, Dist. Kamrup (Assam), PIN – 781 354. লামডিং ডিভিশনের বেলায় দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Divisional Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager(P), P.O. Lumding, PIN – 782 447, Dist. Hojai, Assam.

তিনসুকিয়া ডিভিশনের বেলায় দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় :The Divisional Personnel Officer, Office of the Divisional Railway Manager(P), Tinsukia, N.F. Railway, Tinsukia – 786 125, P.O. Hijuguri, Dist. Tinsukia, Assam.

নিউ বঙ্গাইগাঁও ওয়ার্কশপের বেলায় দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Assistant Personnel Officer, Office of the Chief Workshop Manager / N.F. Railway Carriage & Wagon Workshop / New Bongaigaon, PIN – 783 381.

ডিব্রুগড় ওয়ার্কশপের বেলায় দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Senior Personnel Officer, N.F. Railway Workshop, Dibrugarh, PIN – 786 001.

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি.এফ. ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কোলকাতা-৭০০০৬৪
তপশিলী জাতি ও আদিবাসী মহিলাদের জন্য বিনাব্যয়ে
সেলাই (টেলারিং) কোর্স
তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত যুবতীদের স্ব-নির্ভরতার লক্ষ্যে বিনা ব্যয়ে Self Employed Tailor কোর্স করার সুযোগ। ৬ মাসের অনাবাসিক প্রশিক্ষণ। আসন সংখ্যা প্রতিটি কেন্দ্রে ৭৫।
যোগ্যতা : ক্লাস ৮ পাস। বয়স: ১৮ থেকে ৩৫ বছর। পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ ৩,০০,০০০/-
প্রশিক্ষন কেন্দ্র :-
বহরমপুর (মুর্শিদাবাদ) : 9434666222 জিয়াগঞ্জ (মুর্শিদাবাদ) : 9153269530
ডোমকল (মুর্শিদাবাদ) : 9734809909 মালদা টাউন (মালদা) : 7001669422
ইটাহার (উ: দিনাজপুর ) : 9775135000 কালিয়াগঞ্জ (উ: দিনাজপুর) : 9475588756
হিলি (দ: দিনাজপুর) : 9434969404 গঙ্গারামপুর (দ: দিনাজপুর) : 9635818680
শান্তিপুর (নদীয়া) : 7001141154 দিনহাটা (কোচবিহার) : 9932307925
অনলাইন আবেদন করুন : www.wbscstcorp.gov.in
ট্রেনিং শেষে সার্টিফিকেট ও কর্মসংস্থানের সহযোগিতা করা হবে।
প্রকল্প রূপায়নে BERHAMPORE PRAGATI Head Office: 73/1 Swarnamoyee Road, Berhampore, Murshidabad

প্রগতি ITI-এ ভর্তি বহরমপুর ও কৃষ্ণনগরে
NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০১৯ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে। আর মাত্র অল্প কিছু সীট খালি আছে।
কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার
বহরমপুর : 9434900500, কৃষ্ণনগর : 9434900700

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি.এফ. ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কোলকাতা-৭০০০৬৪
কম্পিউটার হার্ডওয়্যার
দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন কর্মসূচী
তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত যুবক/যুবতীদের স্ব-নির্ভরতার লক্ষ্যে বিনা ব্যয়ে Field Technician - Computing & Peripherals (কম্পিউটার হার্ডওয়্যার) কোর্স করার সুযোগ। ৪ মাসের অনাবাসিক প্রশিক্ষন। আসন সংখ্যা ২৫০।
যোগ্যতা : মাধ্যমিক পাস। বয়স: ১৮ থেকে ৩৫ বছর। পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ ৩,০০,০০০/-
প্রশিক্ষন কেন্দ্র
বহরমপুর (মুর্শিদাবাদ) : 9434809000 মালদা (চাঁচোল) : 9775859815
উ: দিনাজপুর (ইটাহার) : 9775135000 দ: দিনাজপুর (তপন) : 9733131855
অনলাইন আবেদন করুন : www.wbscstcorp.gov.in
ট্রেনিং শেষে সার্টিফিকেট ও কর্মসংস্থানের সহযোগিতা করা হবে।
প্রশিক্ষন রূপায়নে ncsm Head Office: Krishnagar, Nadia, WB Website: www.ncsm.co.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২৬ সেপ্টেম্বর :** ফ্রান্সের প্রাক্তন প্রেসিডেন্ট জ্যাকোয়েস রেনে শিরাক (৮৬ বছর) মারা গেলেন।

☐ পশ্চিমবঙ্গের নতুন মুখ্যসচিব হতে চলেছেন রাজীব সিনহা।

☐ 'চিফস অফ স্টাফ কমিটি'র (COSC) চেয়ারম্যান হলেন বিপিন রাওয়াত।

☐ 'ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড'এর (IMF) প্রধানের পদে নির্বাচিত হলেন বুলগেরিয়ান অর্থনীতিবিদ ক্রিস্টালিনা জর্জিয়েভা।

☐ চাষে সেচ ব্যবস্থার আরও উন্নতি করতে, গোটা রাজ্যে প্রায় ৮০০ ডিপ সাবমার্শিবল পাম্প বসানোর সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার। প্রথম পর্যায়ে আদিবাসী অধ্যুষিত সব এলাকায় এই পাম্প বসানো হবে। পরে গোটা রাজ্যেই তা চালু করা হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

☐ ক্যান্সারের আশঙ্কা থাকায়, গ্যাস-অম্বল-পেটের সমস্যার ওষুধ 'জিনট্যাক' বাজার থেকে তুলে নেওয়ার সিদ্ধান্ত নিল প্রস্তুতকারী সংস্থা 'গ্ল্যাক্সোস্মিথক্লাইন' (GSK)।

☐ পশ্চিমবঙ্গে গরিবদের জন্য ২৭ হাজারেরও কিছু বেশি বাড়ি তৈরির অনুমোদন দিল কেন্দ্রীয় সরকার। এই প্রকল্পে পশ্চিমবঙ্গের পাশাপাশি ছত্তিশগড়, গুজরাত, ঝাড়খণ্ড, কর্ণাটক, মধ্য প্রদেশ, পঞ্জাব, রাজস্থান, তামিলনাড়ু ও উত্তরাখণ্ডের গরিবদের জন্যও বাড়ি তৈরির ছাড়পত্র মিলেছে।

☐ নয়াদিল্লিতে একটি কমিক বুক সিরিজ প্রকাশ করল কেন্দ্রীয় আয়ুশ মন্ত্রক। এটির নাম 'প্রফেসর আয়ুষ্মান'। এই বইটি শিশুদের মধ্যে ঔষধি গাছের গুরুত্ব ও তার ব্যবহার সম্পর্কে সচেতনতা বাড়িয়ে তুলবে।

☐ ১৫টি বিনিয়োগকারীর সঙ্গে ৫,৫৭৪ কোটি টাকার প্রকল্পের জন্য সমঝোতা চুক্তি স্বাক্ষর করল তামিলনাড়ু সরকার।

☐ রাষ্ট্রসঙ্ঘের 'গ্লোবাল ক্লাইমেট অ্যাকশন অ্যাওয়ার্ড' পেল 'ইনফোসিস'। 'ক্লাইমেট নিউট্রাল নাউ' বিভাগে এই অ্যাওয়ার্ড পেয়েছে 'ইনফোসিস'।

'ইকোনমিক অ্যাডভাইজরি কাউন্সিল টু দ্য প্রাইম মিনিস্টার'এর (EAC-PM) চেয়ারম্যান হলেন বিবেক দেবরায়।



☐ রোহিঙ্গা শরণার্থীদের প্রত্যাবাসন করার জন্য, একসঙ্গে কাজ করার সিদ্ধান্ত নিল বাংলাদেশ, চিন ও মায়ানমার।

☐ 'টোকিও অলিম্পিক'এর টেস্ট ইভেন্টে সোনার পদক পেলেন প্যারা পাওয়ারলিফটার সাকিনা খাতুন।

☐ এশীয় সাঁতারে ৪০০ মিটার মেডলি রিলেতে সোনার' পদক পেল ভারত।

**২৭ সেপ্টেম্বর :** ডঃ কায়ারতসাই কৃষ্ণাণ, ডঃ সৌমেন বসাক, ডঃ রাঘবন বি সুনোজ, ডঃ তাপস কুমার মাজি, ডঃ সুবিমল ঘোষ, ডঃ মানিক ভার্মা, ডঃ দিশান্ত ময়ূরভাই পাঞ্চোলি, ডঃ নীনা গুপ্তা, ডঃ ধীরাজ কুমার, ডঃ মহম্মদ জাভেদ আলি, ডঃ অনিন্দ্য সিনহা ও ডঃ শঙ্কর ঘোষ।

☐ তরুণদের দক্ষতা উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'চ্যাম্পিয়ন্স অফ স্কিল ডেভেলপমেন্ট ফর ইয়ুথ' সম্মান দিল রাষ্ট্রসঙ্ঘের শিশুবিষয়ক সংস্থা 'ইউনিসেফ'।

☐ 'ইন্টারন্যাশনাল এগ কমিশন'এর (IEC) চেয়ারম্যান হলেন সুরেশ চিত্তুরি।

☐ রাজ্যের শিল্প ও অর্থমন্ত্রী অমিত মিত্র জানালেন, বাড়ি তৈরি করতে যে সামগ্রী দরকার হয়, তার উৎপাদনে উৎসাহ দিতে, আলাদা পার্ক গড়বে পশ্চিমবঙ্গ সরকার। সেজন্য আপাতত ১০০ একর জমিও দেওয়া হবে।.

☐ ২০১৭-'১৮ সালের 'ন্যাশনাল ট্যুরিজম অ্যাওয়ার্ডস'এ সর্বোচ্চ সম্মান পেল অন্ধ্র প্রদেশ।

☐ দেশের প্রথম পরিবেশবান্ধব স্টেশন হতে চলেছে দিল্লির 'হজরত নিজামুদ্দিন' স্টেশন।


☐ ই-কমার্স সংস্থা 'eBay'র প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার ডেভিন ওয়েনিগ পদত্যাগ করলেন।

☐ ২০১৯ সালে 'ওয়ার্ল্ড ডিজিটাল কম্পিটিটিভনেস র‍্যাঙ্কিং'এ ভারতের স্থান ৪৪।

☐ পুষ্টি সচেতনতার জন্য, 'টিক্কি মাউসি' নামে ম্যাসকট প্রকাশ করল ওড়িশা সরকার।

☐ 'ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড ফর প্যাসেঞ্জার স্যাটিসফ্যাকশন' পুরস্কার পেল কোচির আন্তর্জাতিক বিমানবন্দর।

কুস্তিতে ৮৬ কেজি বিভাগে বিশ্ব ক্রমতালিকায় ১ নম্বরে চলে এলেন ভারতের দীপক পুনিয়া।



☐ আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন ইংল্যান্ডের মহিলা ক্রিকেট দলের উইকেটকিপার সারা টেলর।

☐ হায়দরাবাদ ক্রিকেট সংস্থার সভাপতি হলেন ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক মুহাম্মদ আজহারউদ্দিন।

**২৮ সেপ্টেম্বর :** 'বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়'এর 'সেন্টার ফর এনভায়রনমেন্টাল স্টাডিজ'এর তত্ত্বাবধানে একটি স্বয়ংক্রিয় আবহাওয়া কেন্দ্রের (অটোমেটিক ওয়েদার স্টেশন) আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপাচার্য রঞ্জন চক্রবর্তী। এটি চালু হওয়ার ফলে আবহাওয়া সংক্রান্ত মূল্যবান নানা তথ্য পাওয়া যাবে এখান থেকে।

☐ ইউক্রেনে নিযুক্ত বিশেষ মার্কিন দূত কার্ট ভলকার ইস্তফা দিলেন।

**২৯ সেপ্টেম্বর :** তেলুগু কবিতা সংগ্রহ 'পাক্কাকি ওত্তিগিলিতে'র জন্য, ২০১৮ সালের 'সরস্বতী সম্মান' পেলেন তেলুগু কবি ড. কে সিভা রেড্ডি।

☐ ভারতের প্রথম 'হাই টেম্পারেচার ফুয়েল সেল সিস্টেম' উদ্বোধন করলেন ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ।

☐ ৫ অক্টোবর থেকে বাণিজ্যিকভাবে চালু হতে চলেছে দিল্লি-কাটরা 'বন্দে ভারত' এক্সপ্রেস। ৩ অক্টোবর দিল্লিতে কাটরাগামী এই ট্রেনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

☐ হিমাচল প্রদেশের মানালিতে চালু হতে চলেছে বিশ্বের সর্বোচ্চ বাঞ্জি জাম্পিং। ১০,৫০০ ফুট উচ্চতায় মানালির গভীর খাদে এই সর্বোচ্চ বাঞ্জি জাম্পিং চালু করা হবে। এর দেখাশোনা করবে 'অটলবিহারী বাজপেয়ী ইনস্টিটিউট অফ মাউন্টেনিয়ারিং অ্যান্ড অ্যালায়েড স্পোর্টস'। মাটি থেকে ৫৯৬ ফুট উচ্চতায় থাকবে জাম্পিং প্ল্যাটফর্ম।

☐ বাংলাদেশকে ২-১ গোলে হারিয়ে, 'অনূর্ধ্ব-১৮ সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপ'এ চ্যাম্পিয়ন হল ভারত।

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।




# 'দাদাসাহেব ফালকে' পুরস্কার

এবছর ২৪ সেপ্টেম্বর, কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী প্রকাশ জাভড়েকর ঘোষণা করেছেন, সর্বসম্মতিক্রমে ভারতীয় চলচ্চিত্র জগতের সর্বোচ্চ সরকারি সম্মান 'দাদাসাহেব ফালকে' পেতে চলেছেন কিংবদন্তি অভিনেতা অমিতাভ বচ্চন। ভারতীয় চলচ্চিত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে, ২০১৮ সালের জন্য এই সম্মান পাচ্ছেন তিনি।

### একনজরে 'দাদাসাহেব ফালকে' পুরস্কারের কিছু অজানা দিক


- এটি ভারতীয় চলচ্চিত্র জগতের সর্বোচ্চ সরকারি সম্মান।
- ভারতীয় চলচ্চিত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার দেওয়া হয়।
- ভারতীয় চলচ্চিত্র জগৎ থেকে বেশ কয়েকজন উল্লেখযোগ্য ব্যক্তির মাধ্যমে গঠিত একটি কমিটি পুরস্কার প্রাপকের নাম নির্বাচন করে।
- প্রাপককে পুরস্কার হিসাবে একটি স্বর্ণকমল (গোল্ডেন লোটাস) পদক, নগদ ১০,০০,০০০ টাকা ও একটি শাল দেওয়া হয়।
- ১৯৬৯ সালে এই পুরস্কার দেওয়া শুরু হয়।
- এখনও পর্যন্ত মোট ৫০ জন এই পুরস্কার পেয়েছেন।
- ১৯৬৯ সালে, ১৭তম 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার'এ অভিনেত্রী দেবিকা রানী চৌধুরি প্রথম এই পুরস্কার পান।
- এখনও পর্যন্ত অভিনেতা পৃথ্বীরাজ কাপুর (১৯৭১) ও বিনোদ খান্না (২০১৭) মরণোত্তর 'দাদাসাহেব ফালকে' সম্মান পেয়েছেন।
- ভাইবোন, যাঁরা ২ জন একসঙ্গে এই পুরস্কার পেয়েছেন, তাঁরা হলেন — বোম্মিরেড্ডি নরসিমহা রেড্ডি (১৯৭৪) ও বোম্মিরেড্ডি নাগি রেড্ডি (১৯৮৬), রাজ কাপুর (১৯৮৭) ও শশী কাপুর (২০১৪), লতা মঙ্গেশকর (১৯৮৯) ও আশা ভোঁসলে (২০০০), বলদেব রাজ চোপড়া (১৯৯৮) ও যশ চোপড়া (২০০১)।

### কেন ভারতের সর্বোচ্চ চলচ্চিত্র পুরস্কার 'দাদাসাহেব ফালকে'র নামে দেওয়া হয়?

- 'ভারতীয় চলচ্চিত্রের জনক' বলে পরিচিত ধুন্ডীরাজ গোবিন্দ ফালকে (যিনি 'দাদাসাহেব ফালকে' নামে পরিচিত) একজন ভারতীয় চলচ্চিত্র পরিচালক ছিলেন। তিনি ১৯১৩ সালে 'রাজা হরিশ্চন্দ্র' নামে ভারতের প্রথম পূর্ণ দৈর্ঘ্যের চলচ্চিত্র তৈরি করেন। এজন্য তাঁর নামেই 'দাদাসাহেব ফালকে' পুরস্কার দেওয়া হয়। ১৮৭০ সালের ৩০ এপ্রিল, মহারাষ্ট্রের ত্রিম্বকের এক মারাঠিভাষী চিতপাভান ব্রাহ্মণ পরিবারে তিনি জন্মগ্রহণ করেন।

### ১৯৬৯ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত 'দাদাসাহেব ফালকে' পুরস্কার প্রাপকদের তালিকা

- ১৯৬৯ : দেবিকা রানী চৌধুরি, ১৯৭০ : বীরেন্দ্রনাথ সিরকার, ১৯৭১ : পৃথ্বীরাজ কাপুর, ১৯৭২ : পঙ্কজ মল্লিক, ১৯৭৩ : রুবি মাইয়েরস, ১৯৭৪ : বোম্মিরেড্ডি নরসিমহা রেড্ডি, ১৯৭৫ : ধীরেন্দ্র নাথ গাঙ্গুলি, ১৯৭৬ : কানন দেবী, ১৯৭৭ : নীতিন বোস, ১৯৭৮ : রাইচাঁদ বড়াল, ১৯৭৯ : সোহরাব মোদী, ১৯৮০ : পাইদি জাইরাজ, ১৯৮১ : নৌশাদ, ১৯৮২ : আক্কিনেনি লক্ষ্মী ভারা প্রসাদ রাও, ১৯৮৩ : দুর্গা খোটে, ১৯৮৪ : সত্যজিৎ রায়, ১৯৮৫ : শান্তারাম রাজারাম ভাঙ্কুদরে, ১৯৮৬ : বোম্মিরেড্ডি নাগি রেড্ডি, ১৯৮৭ : রাজ কাপুর, ১৯৮৮ : অশোক কুমার, ১৯৮৯ : লতা মঙ্গেশকর, ১৯৯০ : আক্কিনেনি নাগেশ্বরা রাও, ১৯৯১ : ভালজি পেন্ধারকর, ১৯৯২ : ভূপেন হাজারিকা, ১৯৯৩ : মাজরুহ সুলতানপুরি, ১৯৯৪ : দিলীপ কুমার, ১৯৯৫ : সিঙ্গানাল্লুরু পুত্তস্বামী মুত্তুরাজু, ১৯৯৬ : শিবাজী গনেশন, ১৯৯৭ : কবি প্রদীপ, ১৯৯৮ : বলদেব রাজ চোপড়া, ১৯৯৯ : হৃষিকেশ মুখার্জি, ২০০০ : আশা ভোঁসলে, ২০০১ : যশ চোপড়া, ২০০২ : দেব আনন্দ, ২০০৩ : মৃণাল সেন, ২০০৪ : আদুর গোপালাকৃষ্ণণ, ২০০৫ : শ্যাম বেনেগাল, ২০০৬ : তপন সিনহা, ২০০৭ : মান্না দে, ২০০৮ : ভেঙ্কটারামা পণ্ডিত কৃষ্ণমূর্তি, ২০০৯ : ডগ্গুবাটি রামানাইডু, ২০১০ : কৈলাশম বালাচান্দের, ২০১১ : সৌমিত্র চট্টোপাধ্যায়, ২০১২ : প্রাণ, ২০১৩ : গুলজার, ২০১৪ : শশী কাপুর, ২০১৫ : মনোজ কুমার, ২০১৬ : কাশীনাধুনি বিশ্বনাথ, ২০১৭ : বিনোদ খান্না, ২০১৮ : অমিতাভ বচ্চন।



### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



□ তাইওয়ানের চৌ তিয়েন-চেনকে ২১-১৯ ও ২১-১৭ ব্যবধানে হারিয়ে, 'কোরিয়া ওপন ব্যাডমিন্টন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন জাপানের কেন্তো মোমোতা।

□ তাইল্যান্ডের রাতচানক ইন্তাননকে ১৮-২১, ২৪-২২ ও ২১-১৭ ব্যবধানে হারিয়ে, 'কোরিয়া ওপন ব্যাডমিন্টন'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন চিনের হে বিংজিয়াও।

□ আর্জেন্তিনার ফাকুন্ডো বাগনিসকে ৬-৪ ও ৬-২ ব্যবধানে হারিয়ে, বুয়েনস এয়ার্স এটিপি চ্যালেঞ্জার ট্রফি জিতলেন ভারতের সুমিত নাগাল। এশিয়ার প্রথম টেনিস খেলোয়াড় হিসাবে এই ট্রফি জিতলেন সুমিত।

□ 'রাশিয়ান গ্রাঁ প্রি'তে চ্যাম্পিয়ন হলেন ব্রিটিশ রেসিং ড্রাইভার লুইস কার্ল ডেভিডসন হ্যামিল্টন।

□ দোহায় 'বিশ্ব অ্যাথলেটিক্স মিট'এ ১০০ মিটার দৌড়ে সোনার পদক পেলেন মার্কিন যুক্তরাষ্ট্রের ক্রিস্তিয়ান কোলম্যান।

**৩০ সেপ্টেম্বর :** ওড়িশার বালেশ্বর জেলার চাঁদিপুর উপকূলে ব্রহ্মস সুপারসনিক ক্ষেপণাস্ত্রের সফল উৎক্ষেপণ করল 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন' (DRDO)। ২৯০ কিলোমিটার দূরের বস্তুকে আঘাত করতে সক্ষম এই ব্রহ্মস ক্ষেপণাস্ত্র মাটির পাশাপাশি সমুদ্রপৃষ্ঠ থেকেও গন্তব্যের দিকে যেতে পারবে। এই ক্ষেপণাস্ত্রটি 'ডি.আর.ডি.ও' আর রাশিয়ার 'এনপিওএম'এর যৌথ প্রচেষ্টায় তৈরি হয়েছে।

□ সাত মহাদেশের কথা তো আমরা জানি। কিন্তু ৩০ কোটি বছর আগে ব্যাপারটি মোটেও এরকম ছিল না। তখন গোটা পৃথিবীটাই 'পানগিয়া' নামে এক বিরাট 'সুপারকন্টিনেন্ট' দিয়ে জোড়া ছিল। ২০ কোটি বছর আগে মহাদেশ ভাঙতে শুরু করে। প্রথমে ভেঙে ২ টুকরো হয়। নাম হয় 'লোরেশিয়া' ও 'গন্ডওয়ানা'। 'লোরেশিয়া' ভেঙে আবার তৈরি হয় ইউরোপ, এশিয়া ও উত্তর আমেরিকা। 'গন্ডওয়ানা' ভেঙে তৈরি হয় আফ্রিকা, আন্টার্কটিকা, লাতিন আমেরিকা আর অস্ট্রেলিয়া। কিন্তু সাম্প্রতিক গবেষণায় উঠে এসেছে সম্পূর্ণ উলটো তথ্য। বলা হচ্ছে, 'গন্ডওয়ানা'রও পঞ্চম অংশ ছিল। 'গন্ডওয়ানা' ভেঙে তৈরি হওয়া পঞ্চম মহাদেশের নাম বিজ্ঞানীরা দিয়েছেন 'গ্রেটার আদ্রিয়া'। ১০ কোটি বছর আগে গ্রিনল্যান্ডের আয়তনের ভূখণ্ডটি দক্ষিণ ইউরোপের তলায় ঢুকে গিয়েছিল বলে জানা গেছে। নতুন আবিষ্কৃত মহাদেশের বেশিরভাগ অংশই জলের তলায় ঢাকা ছিল বলে খোঁজ পেতে ১০ কোটি বছর লেগেছে বলে জানিয়েছেন তাঁরা।



ভারতীয় চলচ্চিত্রাভিনেতা বিজু খোটে (৭৭ বছর) মারা গেলেন।


□ পশ্চিমবঙ্গের বর্ধমানে ভারতের দ্বিতীয় বৃহত্তম রেলওয়ে ওভারব্রিজ উদ্বোধন করলেন কেন্দ্রীয় রেলমন্ত্রী পীযূস গোয়েল। এই ওভারব্রিজটিতে ১.৫ মিটার প্রশস্ত ফুটপাত ছাড়াও ৪ লেনে যান চলাচলের জন্য ২৭.৭ মিটার প্রস্থ রয়েছে।

□ পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় জানালেন, রাজ্যের ৫১৯টি টোলকে এবার সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে আনার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা দফতর। সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রম অনুসারে ওইসব টোলে পঠনপাঠন করানো হবে।

□ কৃষিক্ষেত্রে উন্নয়ন ও কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে, 'বরোদা কিষান পক্ষদা' কর্মসূচি চালু করল 'ব্যাঙ্ক অফ বরোদা'। তার সঙ্গে ১৬ অক্টোবর 'বিশ্ব খাদ্য দিবস'এ 'বরোদা কিষান দিবস' পালন করা হবে।

□ বিদ্যালয় শিক্ষার মানোন্নয়ন-সহ যাবতীয় ব্যবস্থার সমীক্ষা রিপোর্ট প্রকাশ করে 'নীতি আয়োগ' জানালো, প্রাথমিক শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে দেশের সেরা কেরল। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে রাজস্থান ও কর্ণাটক।

□ ভারতের জুনিয়র পুরুষ হকি দলের অধিনায়ক হলেন ডিফেন্ডার মনদীপ মোর।



১০.৭১ সেকেন্ড সময় নিয়ে, দোহায়, বিশ্ব মিটে ১০০ মিটারে সোনার পদক পেলেন জামাইকান মহিলা অ্যাথলিট শেলি অ্যান ফ্রেজার প্রাইস। এই নিয়ে টানা চতুর্থবার বিশ্ব চ্যাম্পিয়ন হলেন তিনি।

□ অস্ট্রেলিয়ার দ্বিতীয় মহিলা ক্রিকেটার হিসাবে টোয়েন্টি-২০ ক্রিকেটের '১০০ ক্লাব'এ ঢুকে পড়লেন অ্যালিসা হিলি। সব মিলিয়ে নবম মহিলা ক্রিকেটার হিসাবে তিনি এই বিরল কীর্তির অধিকারী হলেন।

**১ অক্টোবর :** সম্প্রতি বিজ্ঞানীরা জানালেন, আন্টার্কটিকার 'আমেরি' আইস সেল্ফ থেকে যে হিমশৈলটি ভেঙে আলাদা হয়ে গিয়েছে, আয়তনে সে টেক্কা দেবে লস অ্যাঞ্জেলেস বা, গ্রেটার লন্ডনকে। এই নতুন হিমশৈলের নাম 'ডি-২৮'। গত ২৬ ডিসেম্বর, 'লুজ টুথ' নামে অঞ্চলে আমেরি আইস সেল্ফ থেকে বিচ্ছেদ হয় এই হিমশৈলটির। আয়তনে এটি প্রায় ১,৬৩৬ বর্গ কিলোমিটার, ২১০ কিলোমিটার পুরু ও ওজন ৩০,০০০ কোটি টন। এই ভাঙন শুরু হয়েছিল ২০০০ সালের প্রথম দিকে। বিশেষজ্ঞদের আশঙ্কা, এই বিশালাকার আয়তন নিয়ে জাহাজ চলাচলের পথে বাধা সৃষ্টি করতে পারে 'ডি-২৮'।

□ 'অয়েল ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হলেন সুশীল চন্দ্র মিশ্র।

□ ২০১৯ সালে 'সেন্ট্রাল ইলেক্ট্রিক অথরিটি'র (CEA) বিচারে, দেশের মধ্যে সেরার শিরোপা পেল বজবজের সিইএসসি'র তাপবিদ্যুৎ কেন্দ্র। 'প্ল্যান্ট লোড ফ্যাক্টর'এর নিরিখে এই শীর্ষস্থান পেয়েছে ৭৫০ মেগাওয়াটের এই তাপবিদ্যুৎ কেন্দ্র। বজবজ তাপবিদ্যুৎকেন্দ্রে ২৫০ মেগাওয়াটের ৩টি স্টেশন রয়েছে, সবমিলিয়ে যার প্ল্যান্ট লোড ফ্যাক্টর ৯৬.৮০%।

□ 'ডংফেং-৪১' (DF-41) নামে সবথেকে শক্তিশালী ক্ষেপণাস্ত্র উদ্বোধন করল চিন।

□ 'আইকিউটয়েন্টি ফাইভ' নামে নতুন ক্ষেপণাস্ত্রের উদ্বোধন করল প্যালেস্তাইন। ক্ষেপণাস্ত্রটির পাল্লা ২৫ কিলোমিটার ও এটি অত্যন্ত নির্খুত লক্ষ্যভেদী।

**২ অক্টোবর :** ২০১৯ সালে 'সাফাইগিরি পুরস্কার'এ, 'মোস্ট এফেক্টিভ স্বচ্ছতা অ্যাম্বাসাডর' পুরস্কার পেলেন প্রখ্যাত ভারতীয় ক্রিকেটার শচীন রমেশ তেন্ডুলকর।

□ ২০১৯ সালে 'ইউনাইটেড নেশনস হাই কমিশনার ফর রিফিউজিস'এর (UNHCR) 'নানসেন রিফিউজি অ্যাওয়ার্ড' পেলেন কিরগিজস্তানের মানবাধিকার আইনজীবী আজিজবেক আশুরোভ।

□ ইন্দোনেশিয়ার সংসদে প্রথম মহিলা অধ্যক্ষ হলেন পুয়ান মহারানি মক্ষত্র কুশিলা।

□ যুবসমাজকে নেশা থেকে দূরে থাকতে ম্যাগনেশিয়াম কার্বোনেট, নিকোটিন ও তামাকের মতো কয়েকটি ক্ষতিকারক পদার্থযুক্ত পানমশলা নিষিদ্ধ ঘোষণা করল রাজস্থান সরকার।

□ ২০১৯ সালে 'স্বচ্ছ রেল, স্বচ্ছ ভারত' রিপোর্ট অনুযায়ী, ভারতের সবথেকে পরিষ্কার রেলস্টেশনের তালিকায় প্রথম স্থান পেল রাজস্থানের জয়পুর রেলওয়ে স্টেশন। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে রাজস্থানেরই যোধপুর ও দুর্গাপুরা রেলওয়ে স্টেশন। দেশের মোট ৭২০টি স্টেশনের মধ্যে প্রথম ৩টি স্থানই দখল করল রাজস্থান।

□ বিশ্বের প্রথম 'হাইব্রিড মাইক্রো সোলার ডোম' তৈরি করলেন আই.আই.টি খড়্গপুর ও এনবি ইনস্টিটিউট ফর রুরাল টেকনোলজির পড়ুয়ারা। বালবের সঙ্গেই লাগানো থাকবে ছোট সৌর প্যানেল। বালবের গায়ে থাকবে অফ-অন সুইচ। মোবাইলও চার্জ হবে এতে।

□ মোহনদাস করমচাঁদ গান্ধীর জন্মজয়ন্তীতে, তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করতে, গান্ধীজির ছবি সমন্বিত একটি ডাকটিকিট চালু করল প্যালেস্তাইন। রামাল্লাস্থিত ভারতীয় দূতাবাসের সঙ্গে যৌথ উদ্যোগে এই আয়োজন করে প্যালেস্তাইন সরকার। প্যালেস্তাইনের টেলিকম ও তথ্যমন্ত্রী ঈশাক সাদের ও ভারতীয় রাষ্ট্রদূত সুনীল কুমার এই ডাকটিকিট উদ্বোধন করেন।

□ স্বার্থের সংঘাত নিয়ে অভিযোগ ওঠায়, 'বোর্ড অফ কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া'র (BCCI) 'ক্রিকেট উপদেষ্টা কমিটি'র (CAC) প্রধানের পদ থেকে পদত্যাগ করলেন প্রাক্তন ভারতীয় ক্রিকেটার কপিলদেব নিখাঞ্জ।

□ ২০১৯ সালে দশম 'এশিয়ান এজ গ্রুপ চ্যাম্পিয়নশিপস' অনুষ্ঠিত হল বেঙ্গালউরুতে।

**৩ অক্টোবর :** 'প্রফেশনাল ক্রিকেটারস অ্যাসোসিয়েশন'এর (PCA) বিচারে, 'বর্ষসেরা ক্রিকেটার'এর সম্মান পেলেন ইংল্যান্ডের অলরাউন্ডার ক্রিকেটার বেঞ্জামিন অ্যান্ড্রু স্টোকস।

□ পাক-ই-স্তানের বিরুদ্ধে ১৯৪৮ সালে দায়ের একটি মামলায় জয় পেল হায়দরাবাদের নিজামরা। তাঁদের ৩০৬ কোটি টাকার সম্পত্তি নিয়ে চলছিল আইনি লড়াই। ১৯৪৭ সালে হায়দরাবাদের নিজাম পরিবারে তখন ছিলেন সপ্তম নিজাম মীর ওসমান আলি খান। সেসময় ভারত-পাক-ই-স্তান ভাগ হওয়ার কথা চলছিল। তখন ওসমান ভাবতে থাকেন, স্বাধীনতার পর হায়দরাবাদ যদি পাক-ই-স্তানের অন্তর্ভুক্ত হয়ে যায়, তখন এই বিপুল সম্পত্তির কী হবে? সেই চিন্তা থেকেই তৎকালীন সময়ে লন্ডনে নিযুক্ত পাক-ই-স্তানের রাষ্ট্রদূতকে ১০ লাখ পাউন্ড (এখন তা সুদ-সহ বেড়ে হয়েছে ৩০৬ কোটি টাকা) দিয়েছিলেন। পাক রাষ্ট্রদূত সেটি লন্ডনের ন্যাটওয়েস্ট ব্যাঙ্কে গচ্ছিত রাখেন। কিন্তু ফেরত দেওয়ার সময় তিনি তা অস্বীকার করেন। ওই রাষ্ট্রদূতের দাবি, নিজাম ওসমান আলি নাকি পাক-ই-স্তানকে সেই অর্থ দিয়েছেন। স্বাধীনতার পর হায়দরাবাদ ভারতেই থাকলে নিজাম লন্ডনের একটি আদালতে পাক-ই-স্তানের বিরুদ্ধে টাকা ফেরত চেয়ে মামলা করেন। সেই মামলারই ফয়সালা হল এদিন। লন্ডনের ওই আদালত জানিয়েছে, ওই সম্পত্তির ভাগীদার নিজামের পরিবার। এই সম্পত্তি তাঁদের ১২০ জন বর্তমান শরিক ও ভারত সরকারের মধ্যে ভাগ করা হবে।

□ 'পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন এস.এস. মল্লিকার্জুন রাও।

□ গ্রিসে, ভারতের রাষ্ট্রদূত হলেন অমৃত লুগুন।

□ দক্ষিণ প্রশান্ত মহাসাগরের দ্বীপরাষ্ট্র Niue-তে ভারতের পরবর্তী হাই কমিশনার হলেন মুক্তেশ কুমার পরদেসি।

□ ভারতের প্রথম ভাসমান বাস্কেটবল কোর্ট চালু হল আরব সাগরে।

□ 'বিকাজি ফুডস ইন্টারন্যাশনাল লিমিটেড'এর প্রচারদূত হলেন বলিউড অভিনেতা অমিতাভ বচ্চন।

□ নিউদিল্লি স্টেশন থেকে দিল্লি-কাটরা সেমি হাইস্পিড 'বন্দে ভারত এক্সপ্রেস'এর সূচনা করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

□ ভারতের ১২টি পর্যটন স্থানের ভ্রমণ গাইডের জন্য, 'Audio Odigos' নামে একটি মোবাইল অ্যাপস চালু করল ভারতের পর্যটন মন্ত্রক।

□ মার্কিন যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা বিষয়ক অধিকর্তার পদ থেকে পদত্যাগ করলেন সিগ্যাল মান্ডেলকর।

□ সিকিম হাই কোর্টের প্রধান বিচারপতি হলেন অরূপ কুমার গোস্বামী।

□ কেরালা হাই কোর্টের প্রধান বিচারপতি হলেন এস. মনিকুমার।

□ ভারতীয় পুষ্টি বিজ্ঞানী কলুথুর গোপালন (১০০ বছর) মারা গেলেন।

**৪ অক্টোবর :** ২০১৯ সালে 'ওয়ার্ল্ড স্পেস উইক'এর থিম 'দ্য মুন : গেটওয়ে অফ দ্য স্টারস'।



গরিব বাচ্চাদের বিনামূল্যে পড়াশোনা করানোর জন্য, ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের কাছ থেকে গোল্ড মেডেল পেলেন 'আই.আই.টি রুরকি'র ছাত্র অনন্ত বশিষ্ঠ।

□ বিদ্যুৎ চুরি বন্ধ করতে, 'উরজাগিরি' নামে একটি সচেতনতামূলক অভিযান শুরু করলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্র সিং রাওয়াত।

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

□ ভারতের প্রথম বেসরকারি ট্রেন 'তেজস এক্সপ্রেস' চালু হল দিল্লি-লখনৌ রুটে। এদিন লখনৌতে 'ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটেরিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন'এর (IRCTC) অধীনে থাকা ট্রেনটির যাত্রার সূচনা করেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।

□ গোয়ায়, 'গোয়া মেরিটাইম কনক্লেভ' (GMC) উদ্বোধন করলেন জাতীয় সুরক্ষা উপদেষ্টা অজিত কুমার দোভাল।

□ 'ভোপাল পুরসভা' ও 'কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ বোর্ড' (CPCB) যৌথভাবে ভোপালে ভারতের প্রথম 'ই-ওয়েস্ট ক্লিনিক' তৈরি করতে চলেছে।

□ আদিবাসী মানুষদের জন্য, 'ইউনেস্কো'র শুভেচ্ছাদূত হলেন মেক্সিকান অভিনেত্রী ইয়ালিৎজা অ্যাপারাসিও মার্টিনেজ।

□ 'ওয়াইএসআর বাহন মিত্র' প্রকল্প চালু করলেন আন্ধ্রা প্রদেশের মুখ্যমন্ত্রী ইয়েদুগুরি সানদিনতি জগন্মোহন রেড্ডি। এই প্রকল্পে সব অটো, ট্যাক্সি ও ম্যাক্সি ক্যাবের ড্রাইভারদের ১০,০০০ টাকা করে ভাতা দেওয়া হবে।

□ নিউইয়র্কে হেলিকপ্টার পরিষেবা চালু করল 'উবের' কোম্পানি।



'বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ 'ফেস অফ এশিয়া' শিরোপায় ভূষিত হলেন ভারতীয় অভিনেত্রী ভূমি পেডনেকর।

□ দ্বিতীয় দ্রুততম ভারতীয় বোলার হিসাবে, টেস্টে ২০০ উইকেট নিলেন রবীন্দ্র জাদেজা। এদিন বিশাখাপত্তনমে ডিন এলগারকে আউট করার পর এই কৃতিত্ব অর্জন করেন তিনি। তিনি ৪৪ টেস্টে ২০০ উইকেট নিলেন। এর আগে রবিচন্দ্রন অশ্বিন ৩৭ টেস্টে ২০০ উইকেট নিয়েছিলেন। প্রাক্তন স্পিনার হরভজন সিং ও অনিল কুম্বলের লেগেছিল যথাক্রমে ৪৬ ও ৪৭টি ম্যাচ। তবে বিশ্বের বাঁহাতি বোলার হিসাবে জাদেজা দ্রুততম ২০০ উইকেট পেলেন। তাঁর পরেই আছেন শ্রীলঙ্কার তারকা স্পিনার রঙ্গনা হেরাথ (৪৭)।

□ ৪৮.১৪ সেকেন্ড সময় নিয়ে, প্রথম এশীয় হিসাবে 'বিশ্ব অ্যাথলেটিক্স'এ মহিলাদের ৪০০ মিটারে সোনার পদক পেলেন বাহরিনের সালওয়া ইদ নাসের।

**৫ অক্টোবর :** 'আয়ুষ্মান ভারত স্বাস্থ্য প্রকল্প'কে শক্তিশালী করতে, 'গুগল'এর সঙ্গে অংশীদার হল 'ন্যাশনাল হেলথ অথরিটি' (NHA)।

□ ১৪তম ইন্দো-মঙ্গোলিয়ান যৌথ সামরিক মহড়া 'Nomadic Elephant - XIV' শুরু হল হিমাচল প্রদেশে।

□ আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নিলেন ইতালিয়ান ফুটবলার ক্লাউদিও মার্সিসিও।

**৬ অক্টোবর :** রাজস্থান হাই কোর্টের প্রধান বিচারপতি হলেন ইন্দ্রজিৎ মোহান্তি।

□ বিনা প্রতিদ্বন্দ্বিতায় আবার জনতা দল (ইউনাইটেড) -এর প্রেসিডেন্ট হলেন বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার।

□ ২০১৯ সালে 'গ্লোবাল ফায়ারপাওয়ার ইনডেক্স'এ চতুর্থ স্থান পেল ভারত। শীর্ষস্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র।

□ 'গাওফেন-১০' নামে নতুন উপগ্রহ চালু করল চিন।

□ অস্ট্রেলিয়ার অ্যাশলে বার্টিকে ৩-৬, ৬-৩ ও ৬-২ ব্যবধানে হারিয়ে, 'চিন ওপন টেনিস টুর্নামেন্ট'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন জাপানের নাওমি ওসাকা।

□ 'হিরো ইন্ডিয়ান উওমেনস ওপন গলফ' খেতাব জিতলেন অস্ট্রিয়ার ক্রিস্টিন উলফ।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে খুব শিগগিরই। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘন্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **শুচিস্মিতা দে**।

1. দক্ষিণ ভারতের বাবা বুদান পর্বত কোন আকরিকের জন্য বিখ্যাত?
(a) লোহা (b) অ্যালুমিনিয়াম (c) দস্তা (d) তামা

2. নীচের কোন প্রধানমন্ত্রীর শাসনকালে লোকসভার কোনো অধিবেশন হয়নি?
(a) মোরারজী দেশাই (b) চৌধুরি চরণ সিং (c) ইন্দ্র কুমার গুজরাল (d) রাজীব গান্ধী

3. কোন সুলতানের শাসনকালে চেঙ্গিজ খাঁ ভারত আক্রমণ করেন?
(a) গিয়াস-উদ-দ্বীন বলবন (b) ইলতুৎমিস (c) রাজিয়া সুলতানা (d) আলা-উদ-দ্বীন খলজি

4. কামাল আতাতুর্ক নীচের কোন দেশটির প্রতিষ্ঠাতা?
(a) তুর্কি (b) জর্জিয়া (c) সিরিয়া (d) কুয়েত

5. মন্তেস্বরী শিক্ষাব্যবস্থার প্রণেতা মারিয়া মন্তেস্বরী কোন দেশের অধিবাসী ছিলেন?
(a) ফ্রান্স (b) ইতালি (c) ডেনমার্ক (d) নেদারল্যান্ড

6. G-7 দেশগুলির সঙ্গে কোন দেশ যুক্ত হয়ে G-8 গোষ্ঠী গঠন করে?
(a) ফ্রান্স (b) চিন (c) অস্ট্রেলিয়া (d) রাশিয়া

7. কোন সংবিধান সংশোধনের মাধ্যমে মৌলিক কর্তব্যের সংখ্যা 10 থেকে বাড়িয়ে 11টি করা হয়?
(a) 42তম (b) 44 তম (c) 74 তম (d) 86 তম

8. 'The End of India' বইটি কার লেখা?
(a) বিক্রম শেঠ (b) চেতন ভগত (c) খুশবন্ত সিং (d) অমিতাভ ঘোষ

9. প্রমথনাথ মিত্র নীচের কোনটির সঙ্গে যুক্ত ছিলেন?
(a) অনুশীলন সমিতি (b) আত্মীয় সভা (c) যুগান্তর পত্রিকা (d) দেশহিতৈষী পত্রিকা

10. মাকড়সার জাল নীচের কোনটি দিয়ে গঠিত?
(a) কার্বোহাইড্রেট (b) প্রোটিন (c) ফ্যাট (d) পলিস্যাকারাইড

11. কত সালে ভারতে 'নিত্য প্রয়োজনীয় দ্রব্য আইন' চালু হয়?
(a) 1955 (b) 1958 (c) 1961 (d) 1975

12. 'লেগেমোগ্লোবিন' নীচের কোন উদ্ভিদে দেখা যায়?
(a) গম (b) সয়াবিন (c) আলু (d) বেগুন

13. 'ইন্ডিয়ান অ্যাসট্রোনমিক্যাল অবজারভেটরি' ভারতের কোন রাজ্যে আছে?
(a) কর্ণাটক (b) উত্তর প্রদেশ (c) মহারাষ্ট্র (d) জম্মু ও কাশ্মীর

পরপর ১৪ বার ১* নম্বরে
সব সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক
বাংলা পত্র-পত্রিকার মধ্যে
আবার সর্বাধিক বিক্রির রেকর্ড
কর্মসংস্থান
এখন প্রতি সপ্তাহে বুধবার বেরোয়
*As per ABC(Audit Bureau of Circulations) Jan.-June 2019

14. নীচের কোন নদীটির ঐতিহাসিক নাম 'অক্সাস'?
(a) ইউফ্রেটিস (b) টাইগ্রিস (c) আমু দরিয়া (d) শির দরিয়া

15. আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ভারতের কোন হাই কোর্টের আওতায় পড়ে?
(a) কলকাতা (b) চেন্নাই (c) হায়দরাবাদ (d) তিরুবনন্তপুরম

16. বিশ্বের সংকীর্ণতম প্রণালী কোনটি?
(a) পক প্রণালী (b) জিব্রাল্টার প্রণালী (c) টার্টারি প্রণালী (d) ইংলিশ চ্যানেল

17. 'পশমিনা' হল একধরণের :
(a) গাছ (b) বালি (c) উল (d) পতঙ্গ

18. 'অ্যাটমস ফর পিস' সংস্থার নাম এখন কী?
(a) ইন্টারন্যাশনাল অ্যাটমিক পাওয়ার কর্পোরেশন (b) ইন্টারন্যাশনাল অ্যাটমিক এনার্জি কমিশন (c) গ্লোবাল অ্যাটমিক এনার্জি পাওয়ার (d) ইন্টারন্যাশনাল অ্যাটমিক এনার্জি এজেন্সি

19. নীচের কোন উৎসেচকটি শুধুমাত্র গবাদি পশুর পরিপাকতন্ত্রে পাওয়া যায়?
(a) গ্যালকটেজ (b) মলটেজ (c) সেলুলেজ (d) অ্যামাইলেজ

20. ভারতীয় সংবিধানের অষ্টম তফশিলে কতগুলি সরকারি ভাষাকে স্বীকৃতি দেওয়া হয়েছে?
(a) 18 (b) 19 (c) 21 (d) 22

21. 'ভিয়েনা কনভেনশন' নীচের কোনটির সঙ্গে যুক্ত?
(a) বাঘ সংরক্ষণ (b) জলাভূমি সংরক্ষণ (c) মহাকাশ গবেষণা (d) ওজন স্তর সংরক্ষণ

22. ভারতের নবীনতম বৃহৎ সমুদ্র বন্দর কোনটি?
(a) এন্নোর বন্দর (b) কলকাতা বন্দর (c) পোর্ট ব্লেয়ার বন্দর (d) তুতিকোরিন বন্দর

23. 'আদর্শ বিদ্যালয়' ভারতের কোন রাজ্য সরকারের প্রকল্প?
(a) ওড়িশা (b) ঝাড়খণ্ড (c) বিহার (d) পশ্চিমবঙ্গ

24. 'Anything But Khamosh' কার জীবনীগ্রন্থ?
(a) অমিতাভ বচ্চন (b) রাজকুমার (c) বিনোদ খান্না (d) শত্রুঘ্ন সিনহা

25. 'সূর্য জ্যোতি' প্রকল্পটি নীচের কোনটির সঙ্গে সংযুক্ত?
(a) সৌরশক্তির সাহায্যে রান্না (b) গ্রাম ও শহরে সৌরবিদ্যুৎ সরবরাহ (c) প্রতি রাজ্যের সৌরবিদ্যুৎ উৎপাদন প্রকল্প (d) সৌরশক্তির সাহায্যে সরকারি দফতর পরিচালনা

26. বিশ্বের কোন দেশে সবথেকে বেশি পোস্ট অফিস আছে?
(a) ভারত (b) রাশিয়া (c) মার্কিন যুক্তরাষ্ট্র (d) চিন

27. 'ALE' ও 'TVET' — এই দু'টি শিক্ষা প্রকল্প কোন সংস্থা সূচনা করেছে?
(a) UNICEF (b) UNESCO (c) ULO (d) NCERT

28. 'Arms and The Man' বইটির লেখক কে?
(a) সমারসেট মম (b) চার্লস ডিকেন্স (c) জর্জ বার্নার্ড শ (d) লিও টলস্টয়

29. নীচের কোনটি ভারতের প্রথম ব্যাঙ্ক?
(a) ট্রেডার্স ব্যাঙ্ক (b) প্রেসিডেন্সি ব্যাঙ্ক (c) ইম্পেরিয়াল ব্যাঙ্ক (d) কোনোটিই নয়

30. নীচের কোনটি গান্ধার শিল্পের নিদর্শন নয়?
(a) অজন্তা (b) এলিফ্যান্টা (c) খাজুরাহো (d) ইলোরা

31. 'বিশ্ব পর্যটন দিবস' কবে পালিত হয?
(a) 27 সেপ্টেম্বর (b) 28 সেপ্টেম্বর (c) 29 সেপ্টেম্বর (d) 30 সেপ্টেম্বর

32. বায়ুদূষণ রোধ করার জন্য, ভারতের প্রথম 'এমিশন ট্রেডিং স্কিম' কোন রাজ্য সরকার চালু করেছে?
(a) তামিলনাড়ু (b) গুজরাত (c) মধ্য প্রদেশ (d) পশ্চিমবঙ্গ

33. 'আন্তর্জাতিক শান্তি দিবস' কবে পালিত হয়?
(a) 21 সেপ্টেম্বর (b) 22 সেপ্টেম্বর (c) 23 সেপ্টেম্বর (d) 24 সেপ্টেম্বর

34. 'কার্নেটাইট' কিসের আকরিক?
(a) ইউরেনিয়াম (b) থোরিয়াম (c) দস্তা (d) অভ্র

35. নীচের কাকে শল্যচিকিৎসার জনক বলে?
(a) চড়ক (b) ধন্বন্তরী (c) শুশ্রুত (d) ইমহোটেপ

36. 'রাজমালা' গ্রন্থে ভারতের কোন রাজ্যের ইতিহাস বর্ণিত আছে?
(a) অসম (b) ত্রিপুরা (c) নাগাল্যান্ড (d) মেঘালয়

37. কীসের অভাবে গরুর দেহে মিল্ক ফিভার হয়?
(a) আয়োডিন (b) ক্যালশিয়াম (c) ফসফেট (d) আয়রন

38. কোন শহরের পর থেকে গঙ্গা নদীর নাম 'গঙ্গা' হয়েছে?
(a) এলাহবাদ (b) দেবপ্রয়াগ (c) হরিদ্বার (d) পটনা

39. 'গণ্ডোয়ানা' পর্বত ভারতের কোন রাজ্যে আছে?
(a) জম্মু ও কাশ্মীর (b) নাগাল্যান্ড (c) মধ্য প্রদেশ (d) পঞ্জাব

40. গবাদি পশুদের 'Mouth and Foot' রোগ কীসের আক্রমণে হয়?
(a) ভাইরাস (b) ব্যাকটিরিয়া (c) ফাঙ্গাস (d) প্রোটোজোয়া

41. 'বাথুকাম্মা উৎসব' ভারতের কোন রাজ্যে অনুষ্ঠিত হয়েছে?
(a) উত্তর প্রদেশ (b) মধ্য প্রদেশ (c) তেলেঙ্গানা (d) নাগাল্যান্ড

42. রঙ্গনা হেরাথ কোন দেশের ক্রিকেটার?
(a) ওয়েস্ট ইন্ডিজ (b) শ্রীলঙ্কা (c) বাংলাদেশ (d) পাক-ই-স্তান

43. 'জাতীয় ক্রীড়া দিবস' কবে পালিত হয়?
(a) 30 আগস্ট (b) 20 সেপ্টেম্বর (c) 29 আগস্ট (d) 3 অক্টোবর

44. 'মিতক্ষরা' গ্রন্থটি কে লিখেছেন?
(a) অমোঘবর্ষ (b) বিজ্ঞানেশ্বর (c) পক্ষীল স্বামীন (d) ফু হেন

45. পৃথিবীর কোন দেশে সবথেকে দীর্ঘ সমুদ্র উপকূল আছে?
(a) ব্রাজিল (b) মার্কিন যুক্তরাষ্ট্র (c) কানাডা (d) মেক্সিকো

46. ভারতের কোন ব্যাঙ্ক প্রথম আন্টার্কটিকায় তাদের শাখা খুলেছে?
(a) কানাড়া ব্যাঙ্ক (b) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (c) এলাহবাদ ব্যাঙ্ক (d) পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক

47. 'শাহজাহান নামা' বইটি কে লিখেছেন?
(a) ভগবান দাস (b) ইনায়ত খান (c) মুতামিদ খান (d) কাইফি খান

48. আকবর কত সালে 'বুলন্দ দরওয়াজা' তৈরি করেন?
(a) 1602 (b) 1603 (c) 1601 (d) 1605

49. ভারতে কত সালে প্রথম ধাতব মুদ্রা তৈরি হয়?
(a) 1540 (b) 1541 (c) 1542 (d) 1543

50. কে ভারতে জরুরি অবস্থা জারি করেন?
(a) প্রধানমন্ত্রী (b) স্বরাষ্ট্রমন্ত্রী (c) রাজ্যসভা (d) রাষ্ট্রপতি

51. কে সুপ্রিম কোর্টের বিচারপতিদের অপসারিত করতে পারেন?
(a) নির্বাচন কমিশন (b) সংসদ (c) প্রধানমন্ত্রী (d) উপরাষ্ট্রপতি

52. গোবর গ্যাসের প্রধান উপাদান কী?
(a) বিউটেন (b) ইথেন (c) প্রোপেন (d) মিথেন

53. কোন শারীরিক সমস্যার জন্য ডায়ালিসিস পদ্ধতি ব্যবহার করা হয়?
(a) ফুসফুসের সমস্যা (b) উচ্চরক্তচাপের সমস্যা (c) কিডনির সমস্যা (d) যকৃতের সমস্যা

54. কোন ভিটামিনের অভাবে 'স্কার্ভি' রোগ হয়?
(a) ভিটামিন ডি (b) ভিটামিন এ
(c) ভিটামিন বি (d) ভিটামিন সি

55. তড়িৎ চুম্বক তৈরি করতে কোন ধাতু ব্যবহার করা হয়?
(a) কাঁচা লোহা (b) দস্তা
(c) তামা (d) অ্যালুমিনিয়াম

56. 'ব্ল্যাক প্যাগোডা' ভারতের কোন শহরে আছে?
(a) কোনার্ক (b) পুরী (c) ভুবনেশ্বর (d) কটক

57. ইবন বতুতা কার শাসনকালে ভারতে এসেছিলেন?
(a) রাজিয়া সুলতানা (b) মহম্মদ বিন তুঘলক (c) মহম্মদ ঘোরী (d) ইলতুৎমিস

58. সেলুকাস নিকেটর কোন ভারত সম্রাটের সমসাময়িক ছিলেন?
(a) অশোক (b) চন্দ্রগুপ্ত মৌর্য
(c) অজাতশত্রু (d) সমুদ্রগুপ্ত

59. দু'জন মোগল সম্রাট তাঁদের আত্মজীবনী লিখেছিলেন। তাঁরা কারা?
(a) বাবর ও জাহাঙ্গীর (b) বাবর ও আকবর (c) জাহাঙ্গীর ও আকবর (d) জাহাঙ্গীর ও শাহজাহান

60. বিশ্বে কোন দেশ সবথেকে বেশি পরিমাণে জ্বালানি কাঠের জোগান দেয়?
(a) জাপান (b) চিন
(c) ইন্দোনেশিয়া (d) রাশিয়া

61. এম.কে.শানু কে?
(a) তেলুগু সাংবাদিক (b) মারাঠি চিকিৎসক (c) মালয়লম সাহিত্যিক (d) হিন্দি নাট্যকার

62. 'জওহরলাল ইনস্টিটিউট অফ পোস্ট গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ' ভারতের কোন শহরে আছে?
(a) পুদুচেরী (b) কলকাতা (c) গুয়াহাটি (d) চণ্ডীগড়

63. কার জন্মদিনে 'রাষ্ট্রসঙ্ঘ', 'বিশ্ব ছাত্র দিবস' পালন করে?
(a) অ্যালবার্ট আইনস্টাইন (b) এ.পি.জে. আব্দুল কালাম (c) স্টিফেন হকিং (d) স্টিভ জোবস

64. কবিতা দেবী কে?
(a) শুটার (b) কুস্তিগির (c) সাঁতারু (d) জিমন্যাস্ট

65. 'বিশ্ব খাদ্য দিবস' কবে পালিত হয়?
(a) 15 অক্টোবর (b) 16 অক্টোবর
(c) 17 অক্টোবর (d) 18 অক্টোবর

66. 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল চেরী ব্লসম ফেস্টিভ্যাল' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে?
(a) দেরাদুন (b) লামডিং
(c) আগরতলা (d) শিলং

67. ভারতের প্রথম 'অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ' কোন শহরে তৈরি হয়েছে?
(a) কলকাতা (b) দিল্লি (c) কোচি (d) মানেসর

68. দন্তিদুর্গ নীচের কোন বংশের প্রতিষ্ঠাতা শাসক ছিলেন?

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর·বের করার কৌশল

(a) চোল (b) চালুক্য
(c) পল্লব (d) রাষ্ট্রকূট

69. ভারতের সবথেকে বেশি কথিত ভাষা হিন্দি। দ্বিতীয় স্থানে আছে কোন ভাষা?
(a) বাংলা (b) মারাঠি
(c) ভোজপুরী (d) ওড়িয়া

70. আলেকজান্ডারের ভারত আক্রমণকালে কে নন্দ বংশের সম্রাট ছিলেন?
(a) ধননন্দ (b) মহাপদ্মনন্দ
(c) শিশুনাগ (d) চন্দ্রগুপ্ত মৌর্য

71. 'ওলং' চা কোথায় চাষ হয়?
(a) দার্জিলিং (b) অসম
(c) ব্রাজিল (d) তাইওয়ান

72. দাক্ষিণাত্যের কোন রাজবংশের রাজধানী ছিল বাতাপি?
(a) চোল (b) চালুক্য
(c) রাষ্ট্রকূট (d) পল্লব

73. কার জন্মদিনে 'জাতীয় যুব দিবস' পালিত হয়?
(a) স্বামী অভেদানন্দ (b) স্বামী বিবেকানন্দ (c) দয়ানন্দ সরস্বতী (d) স্বামী শিবানন্দ

74. 'রাষ্ট্রসঙ্ঘ' কোন বছরকে 'আন্তর্জাতিক পরিবার বর্ষ' ঘোষণা করেছিল?
(a) 1992 (b) 1993 (c) 1994 (d) 1995

75. ভারতের কোন অনুষ্ঠান 'Intangible Cultural Heritage' তালিকায় স্থান পেয়েছে?
(a) গঙ্গাসাগর মেলা (b) কুম্ভ মেলা (c) নওরোজ উৎসব (d) হোলি উৎসব

76. একটি সংখ্যাকে 6 দিয়ে ভাগ করলে 3 ভাগশেষ থাকে। সংখ্যাটির বর্গকে 6 দিয়ে ভাগ করলে কত ভাগশেষ থাকবে?
(a) 0 (b) 1 (c) 2 (d) 3

77. দু'টি সংখ্যার অন্তর 1365. বড় সংখ্যাটিকে ছোট সংখ্যা দিয়ে ভাগ করলে 6 ভাগফল ও 15 ভাগশেষ থাকে। ছোট সংখ্যাটি কত?
(a) 240 (b) 270 (c) 295 (d) 360

78. 476 দিয়ে বিভাজ্য পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা কোনটি?
(a) 10000 (b) 10472 (c) 10476 (d) 47600

79. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 16, 18, 20 ও 25 দিয়ে ভাগ করলে প্রতি ক্ষেত্রে 4 ভাগশেষ থাকে, কিন্তু 7 দিয়ে ভাগ করলে প্রতি ক্ষেত্রে কোনো ভাগশেষ থাকে না?
(a) 17004 (b) 18000 (c) 18002 (d) 18004

80. $0.002 \times 0.5 = ?$
(a) 0.0001 (b) 0.001 (c) 0.01 (d) 0.1

81. $\frac{0.0^2+0.4^2+0.0^2}{0.0^2+0.0^2+0.0^2} = ?$
(a) 0.1 (b) 10 (c) 100 (d) 1000

82. যদি $(11.98 \times 11.98 + 11.98 \times P + 0.02 \times 0.02)$ একটি পূর্ণবর্গ সংখ্যা হয়, তাহলে P এর মান নির্ণয় কর।
(a) 0.02 (b) 0.2 (c) 0.04 (d) 0.4

83. একটি জমির একদিকে 225 মিটার দীর্ঘ সীমানা বরাবর সম দূরত্বে 26টি গাছ লাগানো হল। প্রতি দু'টি গাছের মধ্যে দূরত্ব কত মিটার?
(a) 8 (b) 9 (c) 10 (d) 15

84. একটি খামারে কিছু মুরগি ও কিছু গরু আছে। এদের মাথার সংখ্যা 48 ও পায়ের সংখ্যা 140 হলে ক'টি মুরগি আছে?
(a) 22 (b) 23 (c) 24 (d) 26

85. দু'টি ক্লাসরুমের নাম A ও B. A রুম থেকে B রুমে 10 জনকে পাঠানো হলে দু'টি ঘরে লোকসংখ্যা সমান হয়। আবার B রুম থেকে A রুমে 20 জনকে পাঠানো হলে A রুমের লোকসংখ্যা B রুমের দ্বিগুণ হয়ে যায়। A রুমে কতজন আছে?
(a) 20 (b) 80 (c) 100 (d) 200

86. $\sqrt{41-\sqrt{21+\sqrt{19-\sqrt{9}}}} = ?$
(a) 3 (b) 5 (c) 6 (d) 6.4

87. কোন ক্ষুদ্রতম সংখ্যা দিয়ে 675 কে গুণ করলে গুণফল একটি পূর্ণ ঘনসংখ্যা হবে?
(a) 5 (b) 6 (c) 7 (d) 8

88. একটি ক্লাসের সব ছাত্রছাত্রীর গড় বয়স 15.8 বছর। ছাত্রদের গড় বয়স 16.4 বছর ও ছাত্রীদের গড় বয়স 15.4 বছর হলে, ছাত্র ও ছাত্রী সংখ্যার অনুপাত কত?
(a) 1 : 2 (b) 2 : 3 (c) 3 : 4 (d) 3 : 5

89. তিনটি সংখ্যার যোগফল 136, প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত 2 : 3 ও দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার অনুপাত 5 : 3 হলে, দ্বিতীয় সংখ্যাটি কত?
(a) 40 (b) 48 (c) 60 (d) 72

90. A ও B এর মোট বয়স B ও C এর মোট বয়সের থেকে 12 বছর বেশি। C এর বয়স A এর থেকে কত কম?
(a) 12 বছর (b) 24 বছর (c) C, A এর থেকে বড় (d) তথ্য দেওয়া নেই

91. $a^x = b$, $b^y = C$ ও $C^z = a$ হলে, X এর মান কত?
(a) 0 (b) 1 (c) $\frac{1}{a}$ (d) a


92. এক ছাত্র একটি সংখ্যাকে $\frac{5}{3}$ এর বদলে ভুল করে $\frac{3}{5}$ দিয়ে গুণ করল। তার ফলাফলে কত শতাংশ ভুল হল?
(a) 34% (b) 44% (c) 54% (d) 64%

93. এক বিক্রেতা 17940 টাকায় একটি টিভি বিক্রি করে 19.6% লাভ করেন ও তিনি মুদ্রিত মূল্যের ওপর 8% ছাড় দিয়েছিলেন। যদি ছাড় না দিতেন, তাহলে তার লাভের শতকরা হার কত হত?
(a) 24.8% (b) 25% (c) 26.4% (d) 30%

94. A ও B এর মাসিক আয়ের অনুপাত 5 : 4 ও ব্যয়ের অনুপাত 3 : 2. মাসের শেষে উভয়েই 1500 টাকা সঞ্চয় করে। A এর আয় কত টাকা?
(a) 3400 (b) 3600 (c) 3750 (d) 4400

95. নীচের কোন অনুপাতটি বৃহত্তম?
(a) 7 : 15 (b) 15 : 23 (c) 17 : 25 (d) 21 : 29

**নির্দেশ (প্রশ্ন 96 – 100) :** নীচের পাই চিত্রে ভারতের মোট কৃষিজমির পরিমাণকে বিভিন্ন শস্যের চাষের পরিমাণের ভাগে চিহ্নিত করা হয়েছে ও তা কৌণিক মাপে দেখানো হয়েছে।




96. কোন তিনটি ফসলের সম্মিলিত চাষের পরিমাণ মোট জমির 50% অংশ?
(a) গম, যব, জোয়ার (b) ধান, গম, জোয়ার (c) ধান, গম, যব (d) বাজরা, ভুট্টা, ধান

97. যদি জোয়ার চাষের জমির পরিমাণ 1.5 লাখ একর হয়, তাহলে ধানের জমির পরিমাণ কত লাখ একর?
(a) 6 (b) 7.5 (c) 9 (d) 4.5

98. যদি গমের উৎপাদন, যবের উৎপাদনের 6 গুণ হয়, তাহলে প্রতি একর জমিতে গম ও যবের উৎপাদনের অনুপাত কত?
(a) 3 : 2 (b) 3 : 1 (c) 12 : 1 (d) 2 : 3

99. যদি প্রতি একর জমিতে ধানের উৎপাদন, যবের উৎপাদনের থেকে 50% বেশি হয়, তাহলে যবের উৎপাদন, ধানের উৎপাদনের কত শতাংশ?
(a) 30% (b) $33\frac{1}{3}$% (c) 35% (d) 36%

100. যদি পুরো জমির পরিমাণ 5% বেড়ে যায় ও গম চাষের জমি 12% বেড়ে যায়, তাহলে নতুন পাইচিত্রে গম চাষের জমির কৌণিক মাপ কত হবে?
(a) 62.4° (b) 76.8° (c) 80.6° (d) 84.2²

## চটপট উত্তরের বিশ্লেষণ


**1(a). 2(b). 3(b). 4(a). 5(b). 6(d). 7(d). 8(c). 9(a).10(b). 11(a). 12(b). 13(d). 14(c). 15(a). 16(c). 17(c). 18(d). 19(c). 20(d). 21(d). 22(c). 23(a). 24(d). 25(b). 26(a). 27(b). 28(c). 29(b). 30(c). 31(a). 32(b). 33(a). 34(c). 35(c). 36(a). 37(c). 38(b). 39(c). 40(b). 41(c). 42(a). 43(c). 44(b). 45(c). 46(c). 47(b). 48(c). 49(c). 50(b). 51(a). 52(c). 53(c). 54(d). 55(d). 56(c). 57(b). 58(b). 59(a). 60(c). 61(c). 62(a). 63(b). 64(b). 65(b). 66(d). 67(b). 68(d). 69(a). 70(a). 71(d). 72(b). 73(b). 74(c). 75(b). 76(d).** সংখ্যাটির ক্ষেত্রে ভাগশেষ ও সংখ্যাটির বর্গের ক্ষেত্রে ভাগশেষ একই থাকবে। **77(b).** মনে করি, ছোট সংখ্যাটি x, বড় সংখ্যাটি y. তাহলে শর্তানুসারে, $y - x = 1365$ ও $6x + 15 = y$. সমাধান করে পাই, $x = 270$, $y = 1095$. তাহলে ছোট সংখ্যাটি = 270. **78(b).** পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা 10000 কে 476 দিয়ে ভাগ করলে ভাগশেষ হয় 4. তাহলে নির্ণেয় সংখ্যা = 10000 + (476 – 4) = 10472. **79(d).** 16, 18, 20 ও 25 এর ল.সা.গু = 3600. 3600 এর নিকটবর্তী গুণিতক 5 অর্থাৎ, 18000 এর সঙ্গে 4 যোগ করলে তা 7 দিয়ে সম্পূর্ণরূপে বিভাজ্য হবে। **80(b). 81(c). 82(c). 83(b).** শর্টকাট ফর্মুলা : নির্ণেয় দূরত্ব $= \frac{225}{(26-1)} = 9$ মিটার। **84(d).** মনে করি, মুরগির সংখ্যা = x ও গরুর সংখ্যা = y. তাহলে $x + y = 48$ ও $2x + 4y = 140$. সমাধান করে পাই, $x = 26$ ও $y = 22$. **85(c).** শর্তানুসারে, $A - 10 = B + 10$ ও $B - 20 = \frac{A+20}{2}$. সমাধান করে পাই, A = 100, B = 80. **86(c). 87(a).** 675 এর উৎপাদকগুলি হল 5 × 5 × 3 × 3 × 3. তাহলে 5 গুণ করলে সংখ্যাটি পূর্ণ ঘনসংখ্যা হবে।

**88(b).** Rule of Allegation ব্যবহার করে পাই,

```
16.4        15.4
     \      /
      15.8
     /      \
 0.4         0.6
```

= 2 : 3. তাহলে ছাত্র : ছাত্রী = 2 : 3. **89(c).** প্রথম : দ্বিতীয় : তৃতীয় = 2 × 5 : 3 × 5 : 3 × 3 = 10 : 15 : 9. তাহলে দ্বিতীয় সংখ্যাটি $= \frac{136}{(10+15+9)} \times 15 = 60$. **90(a).** শর্তানুসারে $A + B = B + C + 12$. তাহলে $A - C = 12$. তাহলে C এর বয়স A এর থেকে 12 বছর কম।

**91(b). 92(b).** শতাংশ ভুল $= \frac{\frac{5}{3}-\frac{3}{5}}{\frac{5}{3}} \times 100 = 44\%$. **93(d).** মনে করি, ক্রয়মূল্যের ওপর দাম বাড়ে = x%. তাহলে শর্তানুসারে, $(x - 8) - \frac{8x}{100} = 19.6$ তাহলে x = 30%. তাহলে কোনো ছাড় না দিলে 30% লাভ হত। **94(c).** মনে করি, তাদের আয় = 5x ও 4x আর ব্যয় = 3y ও 2y. তাহলে শর্তানুসারে, $5x - 3y = 4x - 2y$. তাহলে x = y. তাহলে সমাধান করে পাই, x = 750. তাহলে A এর আয় = 750 × 5 = 3750 টাকা। **95(d). 96(c). 97(a). 98(b). 99(b). 100(b).**



Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## রেলে চাকরির

■ *রেলের এন.টি.পি.সি. ও রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে থেকে শুরু হবে? — দুর্গাপদ মুর্মু, মুকসুদপুর, ডেবরা, পশ্চিম মেদিনীপুর।*

■■ এই দুই পদের পরীক্ষা এখনো ঠিক হয়নি। তবে খুব শিগগিরই পরীক্ষার তারিখ ঘোষণা করা হবে।

■ *রেলেগ্রুপ-ডি পদের সিলেবাস জানাবেন। — সঞ্জয় রায়, নারায়ণসুন্দরী, সোনামুখী, বাঁকুড়া।*

■■ এই পদের বেলায় প্রথমে অনলাইন পরীক্ষা হবে। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স-২৫ নম্বর, (২) অঙ্ক-২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা।

## সেনাবাহিনীর

■ *বয়স ২১ বছর ১১ মাস। সেনাবাহিনীর ক্লার্ক পদে যোগ্য কি? ও.বি.সি.-রা বয়সে ছাড় পাবে কি? পরীক্ষা পদ্ধতি জানাবেন। — কুশল সরকার, বাণেশ্বর, কোচবিহার।*

■■ হ্যাঁ, ক্লার্ক পদের জন্য যোগ্য। আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি। ও.বি.সি.'রা বয়সে ছাড় পায় না। এই পদের বেলায় ২০০ নম্বরের ১ ঘন্টার অবজেক্টিভ টাইপের পার্টে থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে ১০০ নম্বর থাকবে এইসব বিষয়ে : (১) জেনারেল নলেজ ও জেনারেল সায়েন্স, (২) অঙ্ক, (৩) কম্পিউটার সায়েন্স। দ্বিতীয় পার্টে ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয়ে ১০০ নম্বর থাকবে।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের যে ইন্টারভিউ আগস্টে হয়েছিল, তার ফল বেরিয়েছে কি? সফলদের রোল নম্বরের তালিকা কোথায় পাব? এরপর কি টেস্ট হবে? — বিকাশ ঘোষ, রানাঘাট, নদিয়া।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশে ২০১৮ সালের কনস্টেবল পদের লিখিত পরীক্ষায় সফলদের যে ইন্টারভিউ হয়েছিল, তার চূড়ান্ত ফল বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in সফল প্রার্থীদের এরপর ডাক্তারি পরীক্ষা হবে। এবছরেই নিয়োগ করা হবে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের ২০১৯ সালের লিখিত পরীক্ষা দিয়েছি। ফল কবে বেরোবে? এরপর কী কী পরীক্ষা হবে? — মহঃ সাকিল হোসেন, বড় জাগুলিয়া, নদিয়া।*

■■ মোট ৪টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হয়েছে, এখনো ফল বেরোয়নি। পুজোর পরই ফল বেরোনোর সম্ভাবনা আছে। এই পরীক্ষায় সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা। তাতে সফল হলে লিখিত মেন পরীক্ষা। তারপর হবে পার্সোন্যালিটি টেস্ট। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় কোয়ালিফাই করলে শারীরিক মাপজোখ (ফিজিক্যাল মেজারমেন্ট টেস্ট) ও শারীরিক সক্ষমতার পরীক্ষার (ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট) জন্য ডাকা হবে।

শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন, বয়স ইত্যাদি দেখা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে (কোয়ালিফাই) 'শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে তবে মেন পরীক্ষার জন্য ডাকা হবে।

৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি - ২৫ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) - ২০ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস - ১৫ নম্বর। মেন পরীক্ষাতেও নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়।

লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে। ইন্টারভিউয়ে জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে প্রশ্ন করা হবে। মেধা তালিকা তৈরির সময় লিখিত মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখা হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। ডাক্তারি পরীক্ষা হবে রাজ্য সরকারের নির্বাচিত কয়েকটি হাসপাতালে। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতর থেকে বুকের এক্স-রে ও শরীরের অন্যান্য পরীক্ষা করা হবে।

■ *বিহার পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা কবে, কোথায় হবে? প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে, না লিখিত পরীক্ষা হবে? — তন্ময় দাস, ভাতসালা, চকবামন গড়িয়া, বর্ধমান।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে বিহার পুলিশের পরীক্ষা বিহারেই হবে। এই পদের বেলায় প্রথমে লিখিত পরীক্ষা হবে। তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে।

## নেট / সেট'এর

■ *বটনানিতে অনার্স নিয়ে এম.এসসি. পাশ করেছি। সি.এস.আই.আর-নেট বা, ইউ.জি.সি.-নেট' দিতে পারব কি? এই পরীক্ষার জন্য বয়স কত থাকা দরকার? পরীক্ষা কখন হয়? — নীলরতন দাস, গুরুপল্লী, শান্তিনিকেতন, বর্ধমান।*

■■ সি.এস.আই.আর.-নেট দিতে পারবেন। প্রার্থী বাছাই করবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন.টি.এ.)'। ২০১৯ সালের এই 'নেট' পরীক্ষা হবে ১৫ ডিসেম্বর। 'নেট' পরীক্ষার জন্য বয়সের কোনো কড়াকড়ি নেই। তবে জুনিয়র রিসার্চ ফেলোশিপের পরীক্ষার বেলায় বয়স হতে হবে ১-৭-২০১৯'র হিসাবে ২৮ বছরের মধ্যে।

## পাব্লিক সার্ভিসের

■ *আই.সি.ডি.এস.'র দ্বিতীয় পর্যায়ের যে পরীক্ষা হবে সেটা লিখিত পরীক্ষা হবে নাকি, ও.এম.আর. শীটে হবে? মেন পরীক্ষা কবে হবে? — চুমকি সরকার, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ দ্বিতীয় পর্যায়ের মেন লিখিত পরীক্ষা হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোনোর ৩-৪ মাসের মধ্যে মেন পরীক্ষা নেওয়া হবে। প্রিলি পরীক্ষার ফল বেরোতে দেরি আছে।

■ *ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার পদের পরীক্ষা কবে হবে? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। — বনানী বৈদ্য, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। পরীক্ষার তারিখ ঠিক হলে পি.এস.সি. সিলেবাস সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে দেয়।

■ *পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০১৮ সালের ডব্লু.বি.সি.এস. 'মেনস'এর ফল বেরিয়েছে কি? — মধুশ্রী চক্রবর্তী, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, ফল বেরিয়েছে। পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০১৮ সালের ডব্লু.বি.সি.এস. মেনস-এর 'এ' ও 'বি' গ্রুপের ফল বেরিয়েছে। সফল ২৩৮ জনের পার্সোন্যালিটি টেস্ট শুরু হবে ১ নভেম্বর থেকে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

■ *পি.এস.সি.'র ক্লার্কশিপ পরীক্ষা কবে হবে? এই পরীক্ষা কি পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন নেবে, না সদ্য গঠিত পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশন নেবে? — পারমিতা চক্রবর্তী, কাজিপাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ পি.এস.সি. সূত্রে খবর, ক্লার্কশিপ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য অর্থাৎ, পরীক্ষা নেওয়া, ইন্টারভিউ নেওয়া ইত্যাদি দায়িত্ব পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের হাতে তুলে দেওয়া হবে। কবে পরীক্ষা নেওয়া হবে তা এস.এস.সি. কর্তৃপক্ষই ঠিক করবে। এর ফলে পি.এস.সি.'র চাপ কমবে।

## কোর্স ও ট্রেনিং

■ *৪৯% নম্বর পেয়ে বি.এসসি. পাশ করেছি। তপশিলী জাতির প্রার্থী। বি.এড. করতে পারব কি? — সুদীপ বিশ্বাস, চারঘাট, মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ বি.এড. কোর্সে ভরতির জন্য ডিগ্রি কোর্সে ৫০% নম্বর থাকা দরকার। তপশিলী হলে নম্বরে ৫% ছাড় পাবেন।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারির চূড়ান্ত তালিকা বেরিয়েছে কি? নিয়োগ কবে হবে? — মিনতী ঘোষ, বারাসাত, উত্তর ২৪ পরগনা। মনোজ চক্রবর্তী, বিরাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারির জন্য যাঁরা ২ জুলাই থেকে ১৫ জুলাই পর্যন্ত ইন্টারভিউ দিয়েছিলেন, তাঁদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হয়েছে। এবার মেধা তালিকায় প্রার্থীর 'টেট' পরীক্ষায় পাওয়া নম্বর, শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর ও বি.এড. এ পাওয়া নম্বর প্রকাশ করা হয়েছে। কমিশন সূত্রে জানা গেছে, কোনো নন-ট্রেন্ড প্রার্থী মেধা তালিকায় স্থান পাননি। মোট শূন্যপদের ১.৪ গুণ প্রার্থীর নাম ধরে মোট ২৪,৫৬৪ জনের নাম মেধা তালিকায় রাখা হয়েছে। শূন্যপদ আছে ১৪,৩০০-এর কিছু বেশি। তবে হাই কোর্টের নির্দেশ না পেলে কোনো প্রার্থীকেই নিয়োগ করা যাবে না।

■ *উচ্চমাধ্যমিক পাশের পর ডি.এল.এড. কোর্স পাশ করেছি। তারপর কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ৫৪% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশ করেছি। আপার প্রাইমারির জন্য দরখাস্ত করতে পারব কি? — স্বাগতা দাস, দক্ষিণ সুরেন্দ্রগঞ্জ, পাথরপ্রতিমা, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, আপার প্রাইমারির পরীক্ষা দিতে পারবেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কেন্দ্রীয় সরকারে স্টেনো, গ্রুপ-সি ও গ্রুপ-ডি | উচ্চমাধ্যমিক | - | ১৮-১০-১৯ | www.ssc.nic.in |
| সেনাবাহিনীর র‍্যালি মুর্শিদাবাদ, বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান, নদিয়া জেলা | এইট পাশ, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | - | ১৯-১০-১৯ | www.joinindianarmy.nic.in |
| সি.আই.এস.এফ.-এ ট্রেডসম্যান | মাধ্যমিক পাশ | ৮২৪ | ২২-১০-১৯ | www.cisf.gov.in |
| কোল ফিল্ডে অ্যাকাউন্ট্যান্ট | চার্টার্ড বা, কস্ট অ্যাকাউন্ট্যান্ট | ৫৭ | ২৩-১০-১৯ | www.easterncoal.gov.in |
| পশ্চিমবঙ্গ স্বাস্থ্য দফতরে ল্যাব অ্যাসিস্ট্যান্ট, ফার্মাসিস্ট গ্রেড-III | উচ্চমাধ্যমিক ও পেশাগত যোগ্যতা | ৭০ | ২৪-১০-১৯ | www.wbhrb.in |
| সুপ্রিম কোর্টে পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ২৩ | ২৪-১০-১৯ | www.sci.gov.in |
| ব্রড কাস্টে টেকনিশিয়ান ও অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক বা, গ্র্যাজুয়েট | ৫৩ | ২৫-১০-১৯ | www.becil.com |
| ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ায় অ্যাসিঃ ম্যানেজার | গ্র্যাজুয়েট | ৩৩০ | ২৭-১০-১৯ | www.fci.gov.in |
| আই.আই.টি.-তে টেকনিশিয়ান | ডিপ্লোমা /ডিগ্রি | ৬৪ | ২৮-১০-১৯ | http://recruitment.nith.ac.in |
| আই.আই.টি. ধানবাদে জুনিয়র টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট | ১৮০ | ৪-১১-১৯ | www.iitism.ac.in |
| সেনাবাহিনীর ক্লার্ক, জি.ডি. সেপাই ফার্মা, নার্সিং অ্যাসিস্ট্যান্ট, ট্রেডসম্যান | এইট পাশ মাধ্যমিক উচ্চমাধ্যমিক | - | ৬-১১-১৯ | www.joinindianarmy.nic.in |
| সেনাবাহিনীতে সেপাই ফার্মা | উচ্চমাধ্যমিক | - | ৬-১১-১৯ | www.joinindianarmy.nic.in |
| দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিস সিলেকশন বোর্ডে ফায়ার অপারেটর | মাধ্যমিক | ৭০৬ | ৬-১১-১৯ | http://dsssbonline.nic.in |

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

কর্মসংস্থান
জিজ্ঞাসা বিভাগ
১২ /৩ /৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



KARMASANGSTHAAN ■ Vol. 32 ■ Issue No. 41 ■ 19 October, 2019 ■ 15

# জেনারেল ইন্টেলিজেন্স

**Direction (Qs. 1 to 5 ):** *Answer the following questions based on the letter number sequence given below :*

B 3 K G 5 P D 7 9 E R J 1 M T 6 Z H Q 8 W 2 A

1. Which of the following is exactly in the middle between the ninth letter/number from the left end and seventh letter/number from the right end?
(1) 1 (2) M (3) J (4) R (5) None of these

2. Which of the following is in the seventh position to the right of the eighteenth position from the right end ?
(1) J (2) 1 (3) M (4) K (5) None of these

3. Four of the following five are alike in a certain way with regard to their positions in the above sequence. Which is the one that does not belong to the other four?
(1) 3GD (2) IR7 (3) M6Q (4) 6HW (5) P7R

4. What should come in place of the questions mark (?) in the following letter/number series with reference to the above sequence?
3GP D9R JM6 ?
(1) ZQW (2) ZHW (3) Z82 (4) ZQ2 (5) None

5. If the first twelve letters/ numbers in the above sequence are written in the reverse order, which of the following letter/number will be the seventh to the ninth letter/number from the right end?
(1) K (2) 7 (3) 5 (4) P (5) None of these

6. If it is possible to make a meaningful word with the first, the fourth, the seventh and the eleventh letters of the word 'INTERPRETATION', which of the following will be the third letter of that word? If more than one such word can be made, give 'M' as the answer and if no such word can be made, give 'X' as the answer.
(1) T (2) I (3) R (4) X (5) M

7. How many such letters are there in the word 'CREATIVE' which have as many letters between them in the word as in the alphabet?
(1) 1 (2) 2 (3) 3 (4) 4 (5) None of these

8. Four of the following five are alike in a certain way and so form a group. Which is the one that does not belong to that group?
(1) 21 (2) 63 (3) 39 (4) 83 (5) 51

**Direction (Qs. 9–10):** *Study the following information to answer the given questions.*

(A) 'P + Q' means 'P is the sister of Q' (B) 'P – Q' means 'P is the mother of Q (C) 'P × Q' means 'P is the brother of Q' (D) 'P ÷ Q' means 'P is the father of Q'

9. Which of the following means M is the maternal uncle of R?
(1) M × T – R (2) M ÷ T – R (3) M + T ÷ K – R (4) M ÷ N + J – R (5) None of these

10. To arrive at the answer to the above questions, which of the following statements can be dispensed with?
(1) (B) only (2) (C) only (3) (A) only (4) (A) or (C) only (5) None of these

**Direction (Qs. 11 to 15):** *In each questions below are given two statements followed by four conclusions numbered I, II, iii and IV. You have to take the given statements to be true even if they seem to be at variance from commonly known facts. Read all the conclusions and then decide which of the given conclusions logically follows from the two given statements, disregarding the commonly known facts.*

11. *Statements:*
Some cars are trains
Some trains are cats.
*Conclusions:* I. No car is cat.
II. Some cats are trains.
III. Some cars are cats.
IV. All trains are cars.
(1) Only either I or II and III follow (2) Only either I or III and II follow (3) Only either I or III follows (4) Only, I II and III follow (5) None of these

12. *Statements:*
All chairs are doors.
All doors are pens.
*Conclusions:* I. All chairs are pens.
II. All pens are doors.
III. All pens are chairs.
IV. Some pens are chairs.
(1) All follow (2) Only, I, II and III follow (3) Only II, III and IV follow (4) Only I and II follow (5) None of these

13. *Statements :*
All dogs are tigers.
Some tigers are goats.
*Conclusions:* I. All dogs are goats.
II. Some goats are tigers.
III. All tigers are dogs.
IV. Some tigers are dogs.
(1) All follow (2) None follows (3) Only I and III follow (4) Only II and IV follow (5) None of these

14. *Statements :*
All rats are cows. No cow is white.
*Conclusions:* I. No white is rat.
II. No rat is white.
III. Some whites are rats.
IV. All cows are rats.
(1) None follows (2) Only IV follows (3) Only I and IV follow (4) Only II and IV follow (5) None of these

15. *Statements:*
Some trees are buses.
All buses are hats.
*Conclusions:* I. Some trees are hats.
II. Some hats are trees.
III. All hats are buses.
IV. Some buses are hats.
(1) None follows (2) All follow (3) Only, I,II and III (4) Only I,III and IV (5) None of these

**Direction (Qs. 16–20):** *In making decisions about important questions, it is desirable to be able to distinguish between 'strong' arguments and 'weak' arguments so far as they relate to the questions. 'Strong' arguments must be both important and directly related to the question. 'Weak' arguments may not be directly related to the trivial aspects of the question. Each question's below is followed by two arguments. numbered I and II. You have to decide which of the arguments is a 'strong' argument and which is a 'weak' argument.*

Give answer (1) if only argument I is strong; give answer (2) if only argument II is strong; give answer (3) if either I or II is strong; give answer (4) if neither I nor II is strong; and give answer (5) if both I and II are strong.

16. Should there be a complete ban on manufacture of firecrackers in India?
*Arguments:*
I. No. This will render thousands of workers jobless.
II. Yes. The firecracker manufacturers use child labour to a large extent.

17. Should the tuition fees in all post graduate courses be hiked considerably?
*Arguments:*
I. Yes. This will bring in some sense of seriousness among the students and will improve the quality.
II. No. This will force the meritorious poor students too stay away from post-graduate courses.

18. Should India allow the multinationals to explore the resources available under sea in its vast economic zone?
*Arguments:*
I. Yes India does not have enough technical and financial resources to conduct such explorations.
II. No This will endanger the sovereign status of country.

19. Should the private companies be allowed to operate passenger train services in India?
*Arguments:*
I. Yes. This will improve the quality of service in Indian Railways and it will be faced with severe competition.
II. No. The private companies may not agree to operate in the nonprofitable sectors.

20. Should school education be made free in India?
*Arguments:*
I. Yes. This is the only way to improve the level of literacy.
II. No It would add to the already heavy burden on the exchequer.

**Direction (Qs. 21 to 25):** *Each problem consists of a question and three statements (A), (B) and (C) given below it. Read all the statements carefully and seek all possible combinations which could be sufficient for answering a question. A single statement or statements with least combinations which could be sufficient for answering the question would be your answer. For example, if statement (A) only could be sufficient to answer the question, statements (A) and (B) together or statements (A) and (C) together should not be taken as the answer. Also, each of the three statements alone could be sufficient to answer the question. In such case, for example (A) only or (B) only or (C) only should be taken as the answer and not (A) only*

21. How many sons does D have?
(A) B and F are brothers of E.
(B) C is sister of A and F.
(C) C and E are daughters of D.
(1) All (A), (B) and (C) (2) (B) and (C) only (3) (A) and (B) only (4) All (A), (B) and (C) together are not sufficient (5) None of these

22. What does 'come' represent in a code language?
(A) 'pit na tac' means 'come and go' in that code language. (B) 'ja ta da' means you are good' in that code language. (C) 'na da rac' means 'you can come' in that code language.
(1) (A) and (C) only (2) (A) and (B) only (3) (B) and (C) only (4) All (A), (B) and (C) (5) None of these

23. In which year was Tarun born?
(A) Tarun is six years older than Rabin.
(B) Rabin's brother was born in 1982. (C) Tarun's brother is two years younger than Rabin's brother who was eight years younger than him.
(1) (B) and (C) only (2) (A) and (C) only (3) All (A), (B) and (C) (4) (A) and (B) only (5) None of these

24. Who among Girish, Prashant, Kamlesh and Jayesh is the Youngest?
(A) Kamlesh is younger than Jayesh but older than Girish and Prashant. (B) Jayesh is the oldest. (C) Girish is older than Prashant.
(1) (A) and (B) only (2) (A) and (C) only (3) (B) and (C) only (4) (A) only (5) None of these

25. Who among P, Q, R, S and T is in the middle while standing in a row?
(A) Q is to the right of T. (B) S is between P and T. (C) Q is between T and R.
(1) (A) and (B) only (2) (B) and (C) only (3) (A) and (C) only (4) All, (A) (B) and (C) (5) None of these

**Direction (Qs. 26 to 30):** *In the following questions, the symbols ©,©, =, @,@ are used as follows:*

A © B means A is greater than B, A © B means A is either greater than or equal to B.
A=B means A is equal to B
A @ B means A is smaller than B.
A @ B means A is either smaller than or equal to B.

**Now in each of the following questions, assuming the three statements to be true, state which of the two conclusions I and II given below them is definitely true.**

**Give answer (1) if only conclusion I is true; give answer (2) if only conclusion II is true; give answer (3) if either I or II is true; give answer (4) if neither I nor II is true and give answer (5) if both I and II are true.**

26. *Statements:*
Q @ R, R @ M, M © D
*Conclusions:*
I. D © R II. D © Q

27. *Statements:*
M @ K, K © R, R © P
*Conclusions:*
I. P @ K II. P @ M


28. *Statements :*
T © M, M = P, P © R
*Conclusions:*
I. R @ T II. T © R

29. *Statements :*
P @ Q, Q © K, K @ M
*Conclusions:*
I. M=Q II. M © Q


30. *Statements :*
P © F, M @ F, F © N
*Conclusions :*
I. M © C II. M @ C

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(1).** বাঁ দিক থেকে নবম letter/number হল '9' ও ডান দিক থেকে সপ্তম letter/number হল 'z'. এই '9' ও 'z'-এর মধ্যবর্তী হল '1'. **2(2).** ডানদিক থেকে (17–7)+1=11-তম letter হল '1'. **3(2).** এখানে একটি বাদে অন্য সব উত্তরে, প্রথমটির এক ঘর পরের letter/number ও দ্বিতীয়টির 2 ঘর পরের letter/number বসেছে। কিন্তু দ্বিতীয় উত্তরে ঠিক এর উল্টো আছে। **4(1).** এখানে Series আছে এইভাবে : B3KG5P/D799ER/J1MT6/ZHQ8W/2A. এখানে একবার একটি করে অন্তরের ও পরের বারে 2 ঘর অন্তরের অক্ষর/সংখ্যা বসে এককেটি cluster হয়েছে ও তার পরের সংখ্যা থেকে একই নিয়মে cluster হয়েছে। **5(3). 6(5).** TIER, RITE, TIRE. **7(3).** C(R)E, A(TIV)E, T(I)V. **8(4).** 83 হল Prime number. **9(1).** MXT=M হল T-র ভাই, T–R = T হল R-র মা। **10(5).** A ও D.

**11(2).** 


Conclusion I ও II ঠিক।

আবার 

Conclusion II ও III সঠিক।

**12(5).** সুতরাং Conclusion I ও IV সঠিক। **13(4).** সুতরাং Conclusion II ও IV সঠিক। **14(5). 15(3).** সুতরাং Conslusion I, II ও IV সঠিক। **16(1). 17(2). 18(1). 19(1). 20(2). 21(4).** A ছেলে না মেয়ে তা অজানা। **22(1). 23(3). 24(2). 25(4). 26(4). 27(1). 28(5). 29(4). 30(4).**

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## হাই কোর্টে ১৪৭ রিভিউ অফিসার ও অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। কম্পিউটার সায়েন্সের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ কিংবা নিলেট বা, ডোয়েক থেকে 'ও' লেভেল কোর্স পাশ কিংবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার সায়েন্সের সি.সি.সি. সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। কম্পিউটারে ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার অপারেশনের কাজে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০১৯'এর হিসাবে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, তঃজাঃ ৩)। এই পদের পোস্ট কোড : 03/ C.A./2019.

দুই পদের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের পরীক্ষায় ২০০ নম্বরের ২০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল সায়েন্স, (খ) ভারতের ইতিহাস, (গ) ভারতের জাতীয় আন্দোলন, (ঘ) ভারতের রাষ্ট্রনীতি, অর্থনীতি ও সংস্কৃতি, (ঙ) ভারতের কৃষিকাজ, বাণিজ্য ও ব্যবসা, (চ) পপুলেশন, ইকোলজি, (ছ) ভারতের ভূগোল, (জ) জাতীয় ও আন্তর্জাতিক ঘটনা, (ঝ) জেনারেল ইন্টেলিজেন্স, (ঞ) জেনারেল ইংলিশ, (ট) কম্পিউটার জ্ঞান, (ঠ) উত্তর প্রদেশের সংস্কৃতি, কৃষি, শিক্ষা ও শিল্পসংক্রান্ত বিষয়। সময় থাকবে ১৫০ মিনিট। নেগেটিভ মার্কিং নেই।

দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে কম্পিউটার নলেজ টেস্ট। ১৫ মিনিটের ৫০ নম্বরের পরীক্ষা। ৫০০ শব্দের ইংরিজি প্যাসেজ দেখে ১৫ মিনিটে কম্পিউটারে টাইপিং করতে হবে। এই টেস্টে ১৭ নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। এই পদের বেলায় কোনো ইন্টারভিউ নেই।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.allahabadhighcourt.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। তখন রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড ই-মেলে পাবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৭৫০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে দিতে পারবেন কিংবা চালানে দিতে পারবেন। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় জমা দেবেন। টাকা জমা দেবেন ২২ অক্টোবরের মধ্যে। দরখাস্ত করার আগে আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবাইটেই পাবেন।

## ৫৪০ মাল্টি স্কিল্ড ওয়ার্কার

১ পাতার পর

বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০ টাকা। শূন্যপদ : ৫৪০টি (জেনাঃ ২২১, ও.বি.সি. ১৪৫, তঃজাঃ ৮১, তঃউঃজাঃ ৪০, ই.ডব্লু.এস. ৫৩)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১৬-৯-২০১৯'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর আর বিভাগীয় কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি, ফুলিয়ে ৮০ সেমি আর অন্তত ৫০ কেজি ওজন। সিকিম, ত্রিপুরা-সহ উত্তর পূর্বাঞ্চল ও দার্জিলিং জেলার পার্বত্য এলাকার বাসিন্দারা লম্বায় ৫ সেমি ও ওজনে ২.৫ কেজি ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে ভালো চোখে ৬/১২ ও খারাপ চোখে ৬/৩৬ আর কাছের বেলায় ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. মহিলারা কোনো পদেই আবেদনের যোগ্য নন। বিজ্ঞপ্তি নং : 03/2019.

প্রার্থী বাছাই হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ট্রেড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে এই ঠিকানায় : The Commandant, GREF Centre, Dighi Camp, Pune-411015. এরপর হবে লিখিত পরীক্ষা। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ বা, ডেসক্রিপ্টিভ টাইপের এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ, (খ) জেনারেল ইংলিশ, (গ) জেনারেল অ্যারিথমেটিক, (ঘ) অ্যানালিটিক্যাল অ্যান্ড কোয়ান্টিটেটিভ স্কিল। সময় থাকবে ১ থেকে ৩ ঘন্টা (ট্রেড অনুযায়ী)।

দরখাস্ত করবেন সাধারণ A-4 মাপের কাগজে, নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.bro.gov.in প্রথমে পরীক্ষা ফী বাবদ ৫০ টাকা অনলাইনে জমা দেবেন এই লিঙ্কে https://www.onlinesbi.com/sbicollect/icollecthome.htm?corpID=1232156 in favour of Commandant, GREF Centre, Pune-411015. তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of......... Category UR/SC/ST/OBC/EWSs /ESM/CPL, Weightage percentage in Essential Qualification ......., Advt. No. 03/2019'. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে। পৌঁছনো চাই ২৫ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Commandant, GREF Centre, Dighi Camp, Pune-411 015.

## কেন্দ্রীয় সংস্থায় ৩২৭

১ পাতার পর

কম্পিউটার সায়েন্স)' পদে ৩২৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার 'এস.সি.' (ইলেক্ট্রনিক্স)** : ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ১৩১টি। এর মধ্যে প্রতিবন্ধী ১০।

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার 'এস.সি.' (মেকানিক্যাল)** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ১৩৫টি। এর মধ্যে প্রতিবন্ধী ৭।

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার 'এস.সি.' (কম্পিউটার সায়েন্স)** : কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ৫৮টি। এর মধ্যে প্রতিবন্ধী ১৪।

ওপরের সব ক্ষেত্রে এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ৪-১১-২০১৯'র হিসাবে ৩৫ বছরের মধ্যে। প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা বয়সে ছাড় পাবেন। মূল মাইনে লেভেল ১০ অনুযায়ী। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১২ জানুয়ারি। এইসব কেন্দ্রে : কলকাতা ও গুয়াহাটিতে। লিখিত পরীক্ষার কল লেটার ডিসেম্বরের শেষ সপ্তাহে মেল করে পাঠানো হবে। লিখিত পরীক্ষায় সফল হলে ইন্টারভিউ। ইন্টারভিউয়ে ৬০% নম্বর পেলে সফল হবেন। বিজ্ঞপ্তি নং : ISRO : ICRB: 03:2019 dated 15.10.2019.

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.isro.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. ও বৈধ মোবাইল নম্বর থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করার পর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা জমা দিতে হবে ইন্টারনেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড কিংবা ক্রেডিট কার্ডে। এছাড়াও টাকা স্টেট ব্যাঙ্কের চালানেও জমা দিতে পারবেন। তপশিলী, ই.ডব্লু.এস., মহিলা, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। সব শেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।


# GSCE

পড়লেই সরকারি চাকরি

Helpline : 9830277100/200/300

২০১৯ সালে প্রতি ঘরে ডব্লিউবিসিএস সহ অন্যান্য অন্তত ১০,০০০ সরকারি চাকরি পাওয়ানোর লক্ষ্য নিয়ে এগিয়ে চলেছে জিএসসিই।

**Think Govt. Jobs, Think GSCE –**

**The Sure Way to Success**

IAS, WBCS, Rail, PSC, Staff Selection, Bank, ICDS, Police, FCI, School Service–all Government job related Competitive Exams require strong determination, diligence and proper preparation. Subject-wise clear conception ; continuous practice and tricky selection of accurate answers are the keys to success. For instance, in Railway CBT, SSC CGL, SBI PO etc. exams a candidate has to answer hundreds of questions within a very short time. Since negative marking is very common in most of the exams, a job aspirant requires proper guidance, time bound practice and worthy study materials along with competitive ambience. Without inculcating competitive attitude and grasping time management technique, it will be difficult to an unemployed youth to hit the target. Study in details, vigorous practice and going through numerous mock tests, both on and off lines, can help a candidate to stand in the right track.

So one should strike while the iron is hot. This is the high time. According to age and qualification hundreds of notifications have been published. The 99 years old George Telegraph's George School of Competitive Exams (GSCE) under its unique centralized monitoring system offers different types of courses to fulfil the demands of today's govt. job seekers. WBCS, Regular Combined etc. are the lucrative courses with till success facility. Here one can take admission in a short term 'Special Crash Course' for a single exam. Besides, there are foundation course, interview and personality grooming session etc. For career counselling, coaching or any type of assistance one can visit the nearest GSCE centre directly or call GSCE centralised admission helplines : 9830277100 /200 /300

**Special Free Seminar on Govt. Jobs. & Meet GSCE Directors.**

| Date | Day | Time | Place |
|---|---|---|---|
| 19/10/19 | Saturday | 10.00 am | Kalimpong |
| 20/10/19 | Sunday | 10.00 am | Siliguri |
| | | 11.00 am | Jalpaiguri |
| | | 2.00 pm | Dhupguri |
| 21/10/19 | Monday | 10.00 am | Islampur |

বিভিন্ন সরকারি চাকরিতে জিএসসিই-র সফল ছাত্রছাত্রীদের মধ্যে কয়েকজন



জিএসসিই-তে নিম্নলিখিত কোর্স সমূহে ভর্তি চলছে

**WBCS** (Preliminary, Main, Interview + Other Exams)

**Regular Combined** (CGL, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army etc.)

**Crash Course** Bank / Primary TET / TET

**Interview & Personality Grooming Course**

**GSCE-নিয়ে এল তিন মাসের Fundamental Course** আসন সংখ্যা সীমিত।

(হেড অফিস) শিয়ালদহ
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9674087465
9051040306
উপরিউক্ত নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 | ডায়মন্ডহারবার | 9230056662 | আসানসোল | 9674087475 | মালদা | 9674087472 |
| গড়িয়াহাট | 9230056665 | ক্যানিং | 7031615596 | দুর্গাপুর | 9674025500 | বালুরঘাট | 9230056676 |
| নেতাজীনগর | 9674087860 | হাওড়া ময়দান | 9230056677 | বর্ধমান | 9674025700 | রায়গঞ্জ | 8017491728 |
| বারাসাত | 9674087467 | বাগনান | 9674087468 | কোন্নগর | 9230056667 | ইসলামপুর | 9830277597 |
| বনগাঁ | 8697984953 | তমলুক | 8697984951 | তারকেশ্বর | 9830277743 | শিলিগুড়ি | 9674087473 |
| ব্যারাকপুর | 9230056668 | কাঁথি | 9674140376 | ব্যান্ডেল | 9230056669 | কালিম্পং | 9830277171 |
| কল্যানী | 9674087469 | পঃমেদিনীপুর | 9230056671 | কাটোয়া | 9830277230 | জলপাইগুড়ি | 9674025600 |
| রানাঘাট | 9674083508 | ঝাড়গ্রাম | 9674087874 | বোলপুর | 9674012025 | ধূপগুড়ি | 9830277257 |
| কৃষ্ণনগর | 9674087470 | বাঁকুড়া | 8017491727 | রামপুরহাট | 9674061397 | আলিপুরদুয়ার | 9674033336 |
| সোনারপুর | 9674087466 | পুরুলিয়া | 9830277820 | বহরমপুর | 9674087471 | কোচবিহার | 9830277023 |
| | | | | | | দিনহাটা | 9830277698 |

Website : www.gsceindia.org

George Telegraph • Since 1920


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad